

We invite you to join in our  
**STRUGGLE** for promoting **COMMUNITY MEDIA**



Strengthening Capacity  
Organize Research and Development  
Provide Technical Cooperation

## BNNRC

Bangladesh NGOs Network for Radio and Communication represents the community media sector to Government, Industry, Regulatory Bodies, Media and Development Partners.

BNNRC is in Special Consultative Status with the Economic and Social Council of the United Nations.



Right to Information: ensuring improved livelihood of the marginalized  
ICT for Development: bridging the Digital Divide in rural areas  
Community Radio/Community TV: amplifying voices for the voiceless  
Amateur Radio: Disaster Risk Reduction  
Community Film for social change



Communicating on the Public Sphere  
Communicating Knowledge  
Civil Rights in Communication  
Cultural Rights in Communication

BNNRC is supported by contributions from different development organizations worldwide who share a commitment in building a free, independent and pluralistic community media of voices for the voiceless. We invite you to join in our Struggle!

# কমিউনিটি রেডিওর ধারাবাহিক উন্নয়ন সহায়িকা

Community Radio Continuous Improvement toolkits



ভার্সন ২.০

# কমিউনিটি রেডিওর ধারাবাহিক উন্নয়ন সহায়িকা

Community Radio Continuous Improvement Toolkits



This project is funded by the European Union



কমিউনিটি রেডিও কন্টিনিউয়াস ইম্প্রুভমেন্ট টুলকিট | ০১

## কমিউনিটি রেডিও কন্টিনিউয়াস ইম্প্রুভমেন্ট টুলকিট [সংস্করণ-২]

### প্রণয়নে

ইউনেস্কো চেয়ার অন কমিউনিটি মিডিয়া, হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়, ভারত

### মূল রচয়িতা

বিনোদ পাভেরালা

কাঞ্চন কে. মল্লিক

ভাসুকি বেলাভাদি

আদিত্য দেশবন্ধু

প্রীতি রঘুনাথ

### বাংলাদেশ সংস্করণ প্রণয়ন

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি)

### বাংলা সংস্করণ সম্পাদনা

প্রতিভা ব্যানার্জী

সৈয়দ কামরুল হাসান

### মূল টুলকিট প্রণয়নে আর্থিক সহায়তা

কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া (সেমকা)

### বাংলাদেশ সংস্করণে সহায়তা

সেমকা, ফ্রী প্রেস আনলিমিটেড ও ইউরোপীয়ান ইউনিয়ন

### প্রকাশকাল

মে'২০১৫

### প্রকাশক

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর

রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি)

বাড়ি: ১৩/৩, সড়ক: ২, শ্যামলী, ঢাকা-১২০৭।

ফোন: +৮৮ ০২ ৯১৩০৭৫০, ৯১৩৮৫০১, ৯১০১৪৭৯

ফ্যাক্স: +৮৮ ০২ ৯১৩৮৫০১-১০৫

ইমেইল: ceo@bnnrc.net

ওয়েব: www.bnnrc.net

### নকশা ও মুদ্রণ

রেডলাইন

## সূচিপত্র

|   |    |
|---|----|
| মুখবন্ধ   | ০৪ |
| বাংলাদেশ প্রেক্ষাপট   | ০৫ |
| শব্দবিস্তার   | ০৬ |
| ১. ভূমিকা ও পটভূমি  | ০৭ |
| ১.১. বাংলাদেশের প্রেক্ষাপটে সিআর-সিআইটি'র ব্যবহার             |    |
| ১.২. ধারণাগত কাঠামো   |    |
| ১.২.১. ধারাবাহিক উন্নয়ন                                      |    |
| ১.২.২. সহশিক্ষা ও অনুশীলনকারী কমিউনিটি                        |    |
| ১.২.৩. CR-CIT-র উপাদান সমূহ                                   |    |
| ১.৩. গৃহীত পদ্ধতি   |    |
| ২. আত্মমূল্যায়ন ও সহ-মূল্যায়ন (Peer Review) প্রক্রিয়া      | ১৩ |
| ২.১. আপনার টুলকিটকে জানুন                                     |    |
| ২.১.১. CR-CIT কী?   |    |
| ২.১.২. CR-CIT কে ব্যবহার করতে পারবে?                          |    |
| ২.১.৩. কেন এই CR-CIT?   |    |
| ২.১.৪. কখন এই CR-CIT ব্যবহার করা হবে?                         |    |
| ২.২. আত্মমূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়া: ধাপে ধাপে       |    |
| ২.২.১. সহ-মূল্যায়নকারীদের ভূমিকা                             |    |
| ২.২.২. যেভাবে প্রক্রিয়া শুরু                                 |    |
| ২.৩. কমিউনিটি রেডিও স্টেশন পর্যায়ে CR-CIT প্রয়োগের চেকলিস্ট |    |
| ৩. ব্যবহারবিধি  | ১৯ |
| ৩.১. উপকরণ তৈরি ও অনুষ্ঠান নির্মাণ                            |    |
| ৩.২. নীতি ও নির্দেশিকা  |    |
| ৩.৩. স্বেচ্ছাসেবক   |    |
| ৩.৪. প্রযুক্তি: প্রবেশ/অভিগম্যতা ও ব্যবস্থাপনা                |    |
| ৩.৫. সম্প্রচার মান  |    |
| ৩.৬. নিজস্ব শাসন/পরিচালন ব্যবস্থা                             |    |
| ৩.৭. অভিযোগ ও মতামত   |    |
| ৩.৮. অনুষ্ঠান উপকরণ বা তথ্য বিনিময় ও যোগাযোগ স্থাপন।         |    |
| ৩.৯. রাজস্ব আহরণ এবং আর্থিক স্বচ্ছতা                          |    |
| ৪. টুলকিট   | ৩১ |



This project is funded by the European Union



## Foreword to Version 2.0 of CR-CIT

Community Radio has emerged as an effective medium to give voice to the voiceless at the grassroots level in India. Currently, there are about 170 Community Radio Stations (CRS) on the air and it is estimated that more than 500 CRS are at various stages of processing. Considering the experiences of a decade of Community Radio in India, it is felt that a self-review mechanism should be instituted for better governance of this effective medium of communication. CEMCA with its intense engagement with the Community Radio sector in varied aspects ranging from policy interventions to practice is eminently suited to address this felt need. Towards this, CEMCA aims to assist the CRS in their pursuit of continuous improvement through a research based *Toolkit*.

In Phase I of the ‘Development of Community Radio Continuous Improvement Toolkit’, a project commissioned to the UNESCO Chair on Community Media by CEMCA, the Community Radio Continuous Improvement Toolkit (CR-CIT) Version 1.0 was released. The CR-CIT provides an easy-to-use framework that allows CR stations to periodically assess themselves on their performance. The toolkit has been drafted keeping in view: (a) the national community radio policy guidelines (in India) which have several mandatory provisions; and (b) certain non-negotiable principles of community media globally, such as community participation and ownership, access and inclusion to marginalized groups, gender equity, community-generated content, emphasis on local cultures and identities, and transparency and accountability in practice. Continuing the work related to further refinement of this *Toolkit* developed during 2012-13 and to get feedback on both the process as well as the contents of the *Toolkit*, we organized field testing workshops at *Radio Active* in Bangalore, *Gurgaon Ki Awaaz* (GKA), Gurgaon, *Rudi no Radio*, Ahmedabad, and *Bol Hyderabad*, Hyderabad. We also conducted field testing in Bangladesh with the support of Bangladesh NGOs Network for Radio and Communication (BNNRC).

The Commonwealth Educational Media Centre for Asia (CEMCA) has been working to promote CR in the Commonwealth Asia, in general, and in India and Bangladesh in particular, to support *learning for development*, and create enabling environment for the marginalized communities and groups. Realizing that creating a structural framework for quality and standard for communities that are diverse in terms of their needs, affordances and goals, as a non-viable option, we at the CEMCA embarked upon exploring ways to “improve” CR practices through self-assessment and peer-review. With ‘continuous improvement’ and ‘co-learning’ as the foundations of ‘quality’ that is acceptable to the communities served, the UNESCO Chair on Community Media at the University of Hyderabad prepared the Version 2.0 of the *Community Radio Continuous Improvement Toolkit* (CR-CIT) based on extensive feedback received during the field-testing of the earlier version in four CR stations across the country, with additional inputs from eight other stations whose representatives participated in the process as peers. Further, this version also takes into consideration feedback received during the validation and field testing processes in Bangladesh.

Version 2.0 of CR-CIT also includes a substantial new section on the suggested Peer Review process. In the spirit of continuous improvement, this *Toolkit* is a work in progress, and we also need preparation of Peer Reviewers to use the CR-CIT. CEMCA will be engaged in supporting CR stations to voluntarily adopt the CR-CIT and define their path of continuous improvement. The overall aim is to create an environment that can be used for self-improvement and then peer-review at a later stage by building capacities of the stakeholders to assist peer CR stations. The CR-CIT is the outcome of the rigorous work done by professionals led by Prof. Vinod Pavarala, the UNESCO Chair at University of Hyderabad. While I want to thank him and his team, the CR-CIT has also been validated through expert interventions and field testing and I would like to thank all who contributed to the development of this improved version.

Our humble initiative will be successful if this is found to be useful for improving the quality of CR operations and governance in all its dimensions. We are eager to receive your feedback to further improve this *Toolkit*.

*Director*  
Commonwealth Educational Media Centre for Asia

## Acknowledgements

Ten years after the community radio policy has been announced in India, there are over 160 radio stations set up by a variety of organisations broadcasting in different geographical locations to a range of audiences. Most of these stations have been doing their work, earnestly providing a valuable service to their respective communities with good intentions and to the best of their abilities. While there is a growing literature of scholarly research in the community radio sector and an even more impressive volume of evaluation reports done for external funding agencies, there have been few substantial and credible efforts at evolving frameworks and standards that the CR stations themselves could use to review their performance. The research team at the UNESCO Chair on Community Media, University of Hyderabad, is pleased to offer this Community Radio Continuous Improvement Toolkit (CR-CIT) [Version 2.0] as our contribution to bridging this gap.

We are indeed grateful to Dr. Sanjaya Mishra, Director, Commonwealth Educational Media Centre for Asia (CEMCA), New Delhi, for perceptively recognising the need for such a toolkit and entrusting the UNESCO Chair with the task. Dr. Rukmini Vemaraju, the then Programme Officer at CEMCA, was a source of encouragement, especially in the early stages of this project, and enriched our deliberations with her suggestions. Dr. Ankuran Dutta who succeeded her at CEMCA kept track of the process through its field-testing at various locations in the country. Ashish Sen, AMARC Asia-Pacific and Consultant for CEMCA, has kept a close watch on our work, especially in the field-testing phase, and provided valuable inputs.

CR-CIT was developed through intense discussions over two different workshops with representatives of community radio stations from across the country as well as with community radio experts engaged in advocacy, research and capacity building. Our sincere thanks to all of them for wholeheartedly embracing our concept and providing valuable insights, based on their ground-level realities and national/international experiences. The initial version, thus developed, was then subjected to rigorous field-testing at four different community radio stations in the country, with the additional involvement of peers from eight other radio stations. The ease with which various stakeholders at these stations waded into the self-assessment process using CR-CIT reinforced our confidence about the value of the toolkit. The changes and modifications suggested during the field testing have now been incorporated in this CR-CIT, Version 2.0.

This new, revised version also benefited immensely from an adaptation, validation and field testing process in Bangladesh, where all 16 CR stations in the country participated with a great deal of enthusiasm. We are grateful to Mr. AHM Bazlur Rahman, CEO of Bangladesh Network of NGOs for Radio and Communication (BNNRC) and his dynamic team for facilitating this work. We are thankful to BNNRC also for initiating the translation of CR-CIT into Bengali.

We have realised early enough that the value of CR-CIT would be enhanced if it becomes available in Indian languages and station personnel can use it easily without outside facilitators. In that direction, we have been able to put together a Hindi version, in collaboration with Ideosync Media Combine, New Delhi. We gratefully acknowledge Venu Arora of Ideosync for facilitating the translation. This would not have been possible without the capable translation work done by Anupama Jha in Delhi and Gunavathi Mandal in Hyderabad. Translations into a few other languages are on the anvil.

Mahaprajna Nayak from the Community Media programme at Tata Institute of Social Sciences (TISS), Mumbai, who served as an intern with us in the summer of 2013, lent valuable support during the early phase of the project. In Phase II, Himabindu Chintakunta worked as a research assistant and contributed significantly to the different components of the project.

University of Hyderabad has played a willing host to all of our activities. Without its intellectual ambience, infrastructural facilities, and administrative support, our team’s work at the UNESCO Chair on Community Media would have been tougher. R. Thyagarajan at the CEMCA office and Mallikarjun Yadav at the Department of Communication ensured timely financial clearances and management of funds to facilitate our work.

With the availability of the first version of CR-CIT in the public domain since August 2013, many community radio stations have voluntarily (outside of the field testing process) adopted the toolkit for their self-assessment. The proof of its worth ultimately lies in its adoption by more and more community radio stations that are interested in continuously improving their services to their respective communities.

We are hoping to sustain our efforts to achieve that end by creating a ‘Community of Practice’, an online platform, through which practitioners can share experiences and learn from each other.

**Hyderabad**  
**May, 2014**

*Vinod Pavarala*  
*Kanchan K. Malik*  
*Vasuki Belavadi*  
*Aditya Deshbhandhu*  
*Preeti Ragbunath*  
**UNESCO Chair on Community Media Team**


## Abbreviations

|         |   |
|---------|---|
| AIR     | : All India Radio.  |
| AMARC   | : World Association of Community Radio Broadcasters.                |
| BECIL   | : Broadcast Engineering Consultants India Limited.                  |
| CoP     | : Community of Practice.  |
| CR      | : Community Radio.  |
| CR-CIT  | : Community Radio Continuous Improvement Toolkit.                   |
| CRMC    | : Community Radio Management Committee.                             |
| CRS     | : Community Radio Station.  |
| LOI     | : Letters of Intent.  |
| MGNREGA | : Mahatma Gandhi National Rural Employment Guarantee Act.           |
| MIB     | : Ministry of Information and Broadcasting, Government of India.    |
| NGO     | : Non-Government Organization.                                      |
| UNESCO  | : United Nations Educational, Scientific and Cultural Organization. |
| UNICEF  | : United Nations Children's Fund.                                   |



## ১.১: বাংলাদেশের প্রেক্ষাপটে সিআর-সিআইটি’র ব্যবহার

বাংলাদেশ এনজিও’স নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) বিগত ২০০০ সাল থেকে বাংলাদেশে গ্রামীণ জনপদে বসবাসরত জনগোষ্ঠীর মধ্যে উন্নয়নমূলক তথ্য ও জ্ঞান বিনিময়ের পাশাপাশি, সরকারী ও বেসরকারী সেবা তথ্যসহ জীবনঘনিষ্ঠ যাবতীয় তথ্য জনগণের মাঝে সহজবোধ্য ভাষায় প্রচারের লক্ষ্যে কমিউনিটি রেডিও চালু করার জন্য সরকারের সাথে অ্যাডভোকেসি করে এসেছে।



তারই ধারাবাহিকতায় বর্তমানে চলমান ১৬টি কমিউনিটি রেডিও প্রতিদিন অবিরত ১২৫ ঘন্টারও বেশি সময় অনুষ্ঠান সম্প্রচার করছে। ১০০০ জন গ্রামীণ জনপদে বসবাসরত যুবনারী ও যুবকের অংশগ্রহণে নতুন ধারার এ গণমাধ্যমটি দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে। ১৪টি জেলায় সর্বমোট ৬৮টি উপজেলার বর্তমানে প্রায় ৫৫ লাখ জনগোষ্ঠী কমিউনিটি রেডিও’র শ্রোতা হিসাবে এর সুবিধা ভোগ করছেন। বাংলাদেশে প্রথমবারের মত স্থাপিত কমিউনিটি রেডিওগুলোর অর্জন ইতোমধ্যে সকল মহলের দৃষ্টি আকর্ষণ করেছে। গ্রামীণ জনপদে এক নতুন যুগের সূচনা হয়েছে।

দ্য ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব কমিউনিটি রেডিও ব্রডকাস্টার্স (এমারক) এবং ইউনেস্কোর নথিপত্র অনুসারে, কমিউনিটি রেডিও স্টেশনগুলোর বৈশিষ্ট্য নিম্নরূপ। কমিউনিটি রেডিও স্টেশনের বৈশিষ্ট্যর মধ্যে রয়েছে-

- একটি পরিচিত কমিউনিটিকে সেবা দেয়া।
- যোগাযোগ ব্যবস্থায় গণতন্ত্রায়নের প্রাথমিক পদক্ষেপ হিসেবে গণমাধ্যমে প্রবেশাধিকার, প্রশিক্ষণ, উৎপাদন এবং বিতরণ/সম্প্রচার সুবিধা দেয়া।
- কমিউনিটির যেকোনো সদস্যের জন্য অনুষ্ঠান তৈরির কাজে যোগাযোগ ও অংশগ্রহণের সুযোগ সৃষ্টি; স্থানীয় মেধাবীদের উৎসাহিত করা এবং নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতি লালন করা।
- স্থানীয় জনগোষ্ঠীর অর্থনৈতিক সামর্থ্য অনুযায়ী প্রযুক্তি ব্যবহার করা, আবার তা যেন বাইরের সাহায্যের ওপর নির্ভরশীলতা বাড়িয়ে না দেয়।
- বাণিজ্য নয়, কমিউনিটির কল্যাণই উদ্দেশ্য।
- প্রযোজক ও শ্রোতার মধ্যে নিবিড় তথ্য বিনিময়ের ব্যবস্থা করা।
- এর ব্যবস্থাপনা ও মালিকানায কমিউনিটির সদস্যরাই থাকবেন। রেডিও অনুষ্ঠানের অর্থায়নে কমিউনিটি অথবা তাদের প্রতিনিধির মতামত থাকবে।
- যোগাযোগের অধিকার, তথ্য ও অভিমত প্রদানের স্বাধীনতা, সৃজনশীল উদ্ভাবন, গণতান্ত্রিক প্রক্রিয়া এবং সমাজে সংখ্যাগরিষ্ঠের অংশগ্রহণকে উৎসাহিত করা।
- অনুষ্ঠান নীতিমালায় সরকারি নিয়ন্ত্রণ, বাণিজ্যিক ও ধর্মীয় প্রতিষ্ঠান এবং রাজনৈতিক দলের প্রভাব মুক্ত সম্পাদকীয় অবস্থান গ্রহণ।
- সংখ্যালঘু ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রবেশাধিকার দেয়া এবং ভাষা ও সংস্কৃতির ভিন্নতাকে রক্ষা ও তুলে ধরা।
- ব্যবস্থাপনা, প্রোগ্রামিং ও কর্ম পরিবেশে এমন একটি বৈষম্যহীন ব্যবস্থাপনা চালু রাখা, যা প্রতিষ্ঠানের কর্মী, সহায়ক ও স্বেচ্ছাসেবীদের জন্য উন্মুক্ত ও জবাবদিহিমূলক হয়।

বাংলাদেশের প্রেক্ষাপটে কমিউনিটি রেডিওগুলোর মূল প্রভাব হলো :

১. জনগণের দোরগোড়ায় স্থাপিত কমিউনিটি রেডিওগুলো দরিদ্র এবং প্রান্তিক জনগোষ্ঠীকে তাদের নিজেদের কথা সরাসরিভাবে বলার সুযোগ তৈরী করে দিয়েছে। এর মাধ্যমে কর্তৃহীনদের কর্তৃস্বর সোচ্চার হওয়া ও শোনার সুযোগ তৈরি হয়েছে।
২. কমিউনিটি রেডিওগুলো সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং পরিবেশের ক্ষেত্রে পল্লী অঞ্চলে বসবাসরত জনগোষ্ঠীকে তথ্য এবং যোগাযোগের অধিকার এনে দিয়েছে।
৩. সুশাসন নিশ্চিতকরণে জনপ্রতিনিধি, সরকারি এবং বেসরকারী কর্মকর্তাদের সাথে জনসাধারণের সংলাপ আদান প্রদানের ক্ষেত্র তৈরি রয়েছে।
৪. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা, ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রধান খাতগুলোর সাথে জনসাধারণের সরাসরি সংযোগ স্থাপনের সুযোগ সৃষ্টি হয়েছে।

সাম্প্রতিক ঘূর্ণিঝড় ‘মহাসেন’ এবং ‘কোমেন’-এর সময় উপকূলীয় অঞ্চলে স্থাপিত কমিউনিটি রেডিওগুলোর ভূমিকা সকল মহলে প্রশংসিত হয়। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন থাকায় ঘূর্ণিঝড়ের সর্বশেষ খবর জানার ক্ষেত্রে উপকূলের মানুষের প্রধান উৎস ছিল কমিউনিটি রেডিও।

তথ্য মন্ত্রণালয় কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা প্রণয়ন করেছে। মন্ত্রণালয়ের সুদৃষ্টি ও সদিচ্ছার কারণে দক্ষিণ এশিয়ায় একমাত্র বাংলাদেশে কমিউনিটি রেডিও বিষয়ক একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণীত হয়েছে। বাংলাদেশ হচ্ছে কমিউনিটি রেডিও বিষয়ক নীতিমালা প্রণয়নকারী দক্ষিণ এশিয়ার দ্বিতীয় দেশ। আগামী ডিসেম্বর ২০১৫ সালের মধ্যে আরো ১৬টি কমিউনিটি রেডিও সম্প্রচার করার জন্য প্রস্তুতি গ্রহণ করেছে।

বাংলাদেশের মিডিয়ার জগতে কমিউনিটি রেডিও নতুন এক মাত্রা, কমিউনিটি রেডিওগুলো সমাজের গণতন্ত্রায়ন প্রক্রিয়াকে সর্বদা অগ্রসরমান রাখছে। পাশাপাশি পল্লী অঞ্চলে সরকারী প্রশাসন, ব্যবসায়ী এবং সাধারণ জগৎনের মধ্যে উন্নয়নমূলক তথ্য আদান প্রদান করে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, শিক্ষা ও জীবন-জীবিকার উন্নয়নে অনুঘটক হিসাবে অর্থনীতি ছমিকা পালন করে গ্রামীণ জনপদে এক নতুন যুগের সূচনা ঘটানোর

সম্ভাবনা সৃষ্টি করেছে।

বাংলাদেশে কমিউনিটি রেডিও’র যাত্রা ইতিবাচক ধারায় বিকাশমান। গত তিন বছর ধরে নানা ধরনের চ্যালেঞ্জ ও চড়াই-উতরাই পেরিয়ে গণমাধ্যমের এই ধারার প্রসার ও বিকাশ ঘটেছে। এ কথা উল্লেখের অপেক্ষা রাখে না যে, গণমাধ্যম হিসেবে কমিউনিটি রেডিও অনেকটা সদ্যোজাত, নবীন। সীমিত অর্থনৈতিক সামর্থ্য ও পেশাগত মানোন্নয়নের ক্ষেত্রে এর রয়েছে নানান চ্যালেঞ্জ। ব্যবস্থাপনার ক্ষেত্রে, অনুষ্ঠান প্রয়োজনা ও সম্প্রচারের ক্ষেত্রে, জনসম্পৃক্ততা বৃদ্ধি ও স্থায়িত্বশীলতা অর্জনের ক্ষেত্রে নিরন্তর প্রয়াস চালিয়ে না গেলে এই নবীন গণমাধ্যম অঙ্কুরেই বিনষ্ট হতে পারে, নিভে যেতে পারে ‘হঠাৎ আলোর বালকানি’। সর্বোপরি, বিশ্বায়ন ও তথ্য প্রযুক্তির বিপ্লবকর সাফল্যের এই যুগে কমিউনিটি রেডিওকে বেঁচে থাকতে হলে একদিকে, যেমন সামগ্রিক প্রতিযোগিতা মোকাবেলা করতে হবে, তেমনি অন্যদিকে সংশ্লিষ্ট জনগণ/ শ্রোতাগোষ্ঠীর চাহিদা ও আকাঙ্ক্ষা পূরণের মধ্য দিয়ে নিজেদের অস্তিত্বের অনন্যতাও প্রতিষ্ঠা করতে হবে। কমিউনিটি রেডিওগুলিকে নিজেদের অভ্যন্তরে সচেতনতা, শিক্ষা ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রতিদিন নিজেদের উন্নয়ণ ঘটানোর প্রক্রিয়া অব্যাহত না রাখলে উপরোক্ত লক্ষ্য পূরণ সম্ভব হবে না।

প্রকাশিত টুলকিটিটি নিজেদের দ্বারা নিজেদের উন্নয়ন ঘটানোর প্রতিদিনের প্রক্রিয়ায় হতে পারে গুরুত্বপূর্ণ অনুঘটক। এই টুলকিটিটিতে কমিউনিটি রেডিও’র যে সকল দিকে আলোকপাত করা হয়েছে-একটি রেডিও’র পূর্ণাঙ্গভাবে বিকশিত হওয়ার মৌলিক শর্তও সেইগুলি। প্রকৃতপক্ষে ব্যবস্থাপনা, পরিচালনা, অনুষ্ঠান প্রয়োজনা, সম্প্রচার, জনঅংশগ্রহন/ জনসম্পৃক্ততা বৃদ্ধি ও স্থায়িত্বশীলতা অর্জন এই মৌলিক দিকগুলির নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়নের মধ্য দিয়েই কমিউনিটি রেডিও’র উন্নয়নের ধারা শূন্য না গতিশীল, ইতিবাচক কিংবা স্থবির তা নিরূপন করা যায়। এই টুলকিটিটির সবচেয়ে সুবিধাজনক দিক হলো অত্যন্ত সহজ পদ্ধতিতে বের করা সম্ভব নিজ নিজ রেডিওর বর্তমান অবস্থা ও অবস্থান। রেডিও স্টেশনের সংশ্লিষ্ট কর্মীরাই এই টুলকিটি প্রয়োগ ও ব্যবহারের মাধ্যমে নিজেদের বর্তমান অবস্থা অর্থাৎ সবলতা ও দুর্বলতা নিরূপন করতে পারবেন এবং পরিস্থিতি উন্নয়নে পদক্ষেপ নিতে পারবেন।

সিআর-সিআইটি টুলকিটিটি ভারতের হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ে স্থাপিত ইউনেস্কো চেয়ার অন কমিউনিটি মিডিয়ার নেতৃত্বে কয়েকজন গণমাধ্যম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদ কর্তৃক প্রণীত। সম্প্রতি তাদের উপস্থিতিতে ঢাকায় আয়োজিত এক কর্মশালায়, কমিউনিটি রেডিও স্টেশনের প্রতিনিধি ও বাংলাদেশের আরো কয়েকজন গণমাধ্যম বিশেষজ্ঞের মতামত নিয়ে বিএনএনআরসি টুলকিটিটি বাংলাদেশের প্রেক্ষাপটে পুনর্বিদ্যমান করে। সংশ্লিষ্ট টুলকিটিটির অনুবাদ, পুনর্লিখন ও পুনর্বিদ্যাসে বাংলাদেশের কমিউনিটি রেডিও’র বিকাশমান প্রেক্ষাপটকে বিবেচনায় নেওয়া হয়েছে।

## ১.২. ধারণাগত কাঠামো

### ১.২.১. ধারাবাহিক উন্নয়ন

বড় পরিসরে এই প্রকল্পের লক্ষ্য হলো, ‘ধারাবাহিক উন্নয়ন’ কাঠামোর মধ্যে অংশগ্রহণমূলক পদ্ধতিতে একটি টুলকিট প্রণয়ন করা যে পদ্ধতি উচ্চ শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয়। এ পরিপ্রেক্ষিতে ধারাবাহিক উন্নয়নকে কমিউনিটি রেডিও স্টেশনের প্রয়োজনা, ব্যবস্থাপনা ও সম্প্রচার আধেয়র উন্নয়নে একটি চলমান প্রক্রিয়া হিসেবে বিবেচনা করা হয়েছে।

অন্যত্র বলা হয়েছে ‘এক্ষেত্রে গুরুত্বারোপ খুবই দরকারি যে, ধারাবাহিক উন্নয়ন সুনির্দিষ্ট কোনো ব্যবস্থা বা কোনো কিছু করার উপায় নয় বরং এটা এমন এক ধরনের মানসিকতার ব্যাপার যা সর্বদাই ভালো কিছু করার/উৎকৃষ্টতর কিছু করার উপায় বাতলে দেয়; এদিক থেকে একে এক সমাপ্তি বিহীন যাত্রাও বলা যায়’।

কমিউনিটি রেডিওতে কেন ধারাবাহিক উন্নয়ন প্রয়োজন? এ ধরনের একটি ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা করার উদ্দেশ্য হলো কমিউনিটি রেডিওর কার্যক্রম ও অর্জন নির্দেশনায় দাতাগোষ্ঠীর সুপারিশকৃত সূচকগুলি থেকে বেরিয়ে আসা। অংশগ্রহণমূলক উন্নয়ন প্রক্রিয়ার অনেক পণ্ডিত ও গবেষক পরামর্শ দিয়েছেন কমিউনিটি ভিত্তিক উদ্যোগগুলির লক্ষ্য নির্ধারণের নিজস্ব ক্ষমতা/দক্ষতা থাকা উচিত, যাতে তারা তাদের কর্মতৎপরতার মূল্যায়ন নিজেরাই করতে পারে। এটি এমন একটি প্রচেষ্টা বা কৌশল, যা অসম ক্ষমতাচক্র, লিঙ্গ বৈষম্য এবং গণমাধ্যমের ওপর এলিট সম্প্রদায়ের একক কর্তৃত্ব প্রতিষ্ঠায় বাধা দেয়। সর্বোপরি এটি একটি অংশগ্রহণমূলক, নমনীয় এবং বাস্তবভিত্তিক প্রক্রিয়া।

এটি ‘অংশগ্রহণ, উন্মুক্ত যোগাযোগ, বিশ্বস্ততা, জ্ঞান ও দক্ষতা বিনিময় এবং ধারাবাহিক প্রশিক্ষণের’ মতো মূলনীতির ওপর গুরুত্বারোপ করে। ধারাবাহিক উন্নয়ন মডেলসমূহ ব্যবস্থাপনা ও শিক্ষার মতো বিভিন্ন প্রেক্ষিতে ব্যবহার করা হয়েছে। যদি আমরা এই কাঠামোকে কমিউনিটি রেডিওর পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠা করি তাহলে নিজেদের কাছে কিছু মৌলিক প্রশ্ন রাখতে হবে। যেমন-

- কমিউনিটি রেডিও স্টেশনগুলোর মাধ্যমে আমরা কী অর্জনের চেষ্টা করছি?
- কিভাবে আমরা বুঝতে পারবো পরিবর্তন একটি উন্নয়ন?
- কমিউনিটি রেডিওর সেবার উন্নয়নের মাধ্যমে আমরা কী কী পরিবর্তন ঘটাতে পারি?

### ১.২.২: সহশিক্ষা এবং অনুশীলনকারী কমিউনিটি

CR-CIT প্রণয়নের সামগ্রিক প্রক্রিয়ায় সহশিক্ষা নীতির ধারণাকে বিবেচনায় নেওয়া হয়েছে, যার মধ্যে রয়েছে পিয়ার লার্নিং শিক্ষা (Peer Learning), জ্ঞান বিনিময়ের পারস্পরিক মূল্যবোধ, পারস্পরিক বিশ্বাস এবং সামগ্রিক ও ব্যক্তিগত বোঝাপড়ার মূলনীতিসমূহ। এই প্রক্রিয়ার অংশ হিসেবে আমরা যখন কিছু কর্মশালা ও এরকম নানা কর্মসূচি করে থাকি, তখন কমিউনিটি রেডিওর অনুশীলনকারী সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য স্বল্প মেয়াদে তা নিজেদের দিক-নির্দেশনাগত মানদণ্ড প্রতিষ্ঠায় সহায়ক হয়। দীর্ঘমেয়াদী লক্ষ্যে প্রয়োজন একটি অনুশীলনকারী কমিউনিটি নির্মাণে সহায়তা করা। আমরা অনুশীলনকারী কমিউনিটি বলতে বুঝি, একদল মানুষ উৎকৃষ্টতর কিছু করার জন্য এবং কিভাবে করা যায়, তা জানার জন্য নিজেদের মধ্যে তাদের উদ্বেগ ও আকাঙ্ক্ষাগুলো বিনিময় করবে এবং তারা একে অন্যের সাথে নিয়মিত ভাব বিনিময় করে চলবে।

ওয়েঙ্গার, ম্যাকডার্মট এবং স্লাইডার সবার কল্যাণে একটি অনুশীলনকারী কমিউনিটি কিভাবে গঠিত হয় এবং কাজ করে সে সম্পর্কে বলেছেন, ‘তারা সমস্যা সমাধানে পরস্পরকে সহায়তা করে। তারা তাদের অবস্থা, আকাঙ্ক্ষা এবং চাহিদা নিয়ে আলোচনা করে। তারা অভিন্ন ইস্যুগুলো উত্থাপন করে, নতুন নতুন ধারণা উদ্ভাবন করে এবং একটি প্রাণবন্ত সক্রিয় গোষ্ঠীতে পরিণত হয়। তারা কিছু উপকরণ/অনুষঙ্গ, মানদণ্ড, বাস্তব চিত্র, নির্দেশক এবং নানা নথি তৈরি করতে পারে। অথবা তারা সাধারণ কিছু উপলব্ধি উদ্ভাবন ও বিনিময় করতে পারে। যাই হোক, তারা জ্ঞানকে একীভূত করে, তারা অনানুষ্ঠানিকভাবে কিছু মূল্যবোধে আবদ্ধ হয়। এই মূল্যবোধ শুধুমাত্র তাদের সহায়ক আনুষঙ্গিকতা নয়, বরং সহকর্মীদের মধ্যে বোঝাপড়ার সৃষ্টি করে, যাতে তারা একে অপরকে বুঝতে সক্ষম হয়। তারা এমন একটি দলে পরিণত হয়, যারা একে অন্যের প্রতি আগ্রহী থাকে। সময়ের পরিক্রমায় তাদের নিজেদের বিষয়গুলোসহ সাধারণ জ্ঞান অনুশীলন, আচার-আচরণ ও মূল্যবোধের উপর একটি অনন্য প্রেক্ষাপট নির্মাণ করে। তারা ব্যক্তিগত সম্পর্ক এবং পারস্পরিক মিথস্ক্রিয়ার নানা উপায় উদ্ভাবন করে। এমনকি তারা তাদের নিজেদের সাধারণ পরিচিতি নিরূপণ করে। এভাবে অনুশীলনকারী কমিউনিটি বাস্তবরূপ লাভ করে।’

### ১.২.৩. কমিউনিটি রেডিও-সিআইটি’র উপাদানসমূহ


গুরুত্রে কমিউনিটি রেডিও সংক্রান্ত একটি পরিপূর্ণ মূল্যায়নের কাজ হাতে নেওয়া হয়, যার লক্ষ্য ছিল কমিউনিটি রেডিওর জটিল উপাদানসমূহ নির্ধারণ করা; যাতে অংশীজনরা কমিউনিটি রেডিও পরিচালনার বিষয়টিকে কমিউনিটির দিক থেকে বিবেচনা করে। বিশেষজ্ঞ পর্যায়ে এর বিচার বিশ্লেষণের পর নিম্নোক্ত ৯টি স্বতন্ত্র পরিসর খুঁজে পাওয়া যায়-

|    |  |                                   |
|----|--|-----------------------------------|
| ১. |  | আধেয় তৈরি ও অনুষ্ঠান             |
| ২. |  | নীতিমালা ও নির্দেশনা              |
| ৩. |  | স্বচ্ছাসেবী                       |
| ৪. |  | প্রযুক্তি: প্রাপ্তি ও ব্যবস্থাপনা |
| ৫. |  | সম্প্রচার মান                     |
| ৬. |  | পরিচালনা                          |
| ৭. |  | মতামত ও অভিযোগ                    |
| ৮. |  | আধেয় বিনিময় এবং নেটওয়ার্কিং    |
| ৯. |  | রাজস্ব সংগ্রহ ও আর্থিক দায়বদ্ধতা |

এই মূলনীতি ও নির্দেশনাসমূহের পূর্ণাঙ্গ বর্ণনা অধ্যায়-৩ এ আলোচিত হলো।

## ১.৩ গৃহীত পদ্ধতি

বিভিন্ন অংশীজনের সঙ্গে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে প্রণীত এই টুলকিটের প্রকৃতি অংশগ্রহণমূলক। বিভিন্ন স্তরের সুবিধাভোগী মানুষের সাথে মিথস্ক্রিয়ায় এটি সম্ভব হয়েছিলো। এক্ষেত্রে স্থানীয় সুবিধাভোগী জনগোষ্ঠীর পাশাপাশি বাইরের মানুষ এমনকি অনেক অভিজ্ঞ ব্যক্তিকে যুক্ত করা হয়। এক্ষেত্রে প্রস্তাবিত টুলকিটের কাঠামোগত উন্নয়নের পাশাপাশি উপযুক্ত বিশেষজ্ঞের মাধ্যমে এর উপযোগিতা যাচাই করে নেয়ার সুযোগ মিলেছে। এরপর এই টুলকিটকে মাঠ পর্যায়ে বারবার পরীক্ষার মাধ্যমে কমিউনিটি রেডিও প্রকল্পে এর উপযোগিতা বিচার করা হয়েছে। এর মাধ্যমেই টুলকিটটির ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করা হয়েছে। এখানে ডোনা ম্যারেটের উদ্ভাবিত বিশেষ পদ্ধতি ব্যবহার করে তার মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠী পর্যন্ত সুবিধার আওতায় আনা হয়েছে।



টুলকিটের বর্তমান সংস্করণটি (২.০) ইউনেস্কো চেয়ার অন কমিউনিটি মিডিয়ায় নেতৃত্বে গত ২ বছর ধরে পরিচালিত নানা পর্যায়ের অংশগ্রহণের ফলশ্রুতি।



## ২.১ আপনার টুলকিটকে জানুন



### ২.১.১: CR-CIT কী?

- CR-CIT এমন একটি টুলকিট যা কমিউনিটি রেডিও স্টেশনগুলোকে নির্দিষ্ট সময়ান্ত্রে নিজেদের কর্মকাণ্ড মূল্যায়নের সুযোগ করে দেয়।
- যে বিষয়গুলি বিবেচনায় নিয়ে এই টুলকিট প্রণীত হয়েছে- প্রথমত (ক) জাতীয় রেডিও সঞ্চালন নির্দেশিকা (ভারত সরকার অনুমোদিত এবং বাংলাদেশ সরকারের কমিউনিটি রেডিও সম্প্রচার নীতিমালা) যেখানে কিছু বাধ্যবাধকতা রয়েছে, (খ) সমঝোতার অতীত এমন অনেক বিষয় যেগুলো বিশ্বব্যাপী রেডিও সঞ্চালনের জন্য গুরুত্বপূর্ণ। যেমন, রেডিওর মালিকানা, অনুষ্ঠান সঞ্চালন, প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ, লিঙ্গ সমতা, কমিউনিটির তৈরি কোনো অনুষ্ঠানের বিষয়- স্থানীয় সমাজ-সংস্কৃতি ও তার স্বাভাবিক এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার অনুশীলন।
- বিস্তৃত পরিসরে এই টুলকিটটি নয়টি সূচক নির্দেশ করে। আধেয় তৈরি ও কর্মসূচি নির্ধারণ, নীতি ও নির্দেশনা, স্বেচ্ছাসেবী, প্রযুক্তি: প্রাপ্তি ও ব্যবস্থাপনা, সম্প্রচার মান, পরিচালনা, মতামত ও অভিযোগ, আধেয় বিনিময় এবং নেটওয়ার্কিং বা যোগাযোগ, রাজস্ব সংগ্রহ ও আর্থিক দায়বদ্ধতা।
- অংশগ্রহণ, অন্তর্ভুক্তি, লিঙ্গ, সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি যে থিম ক'টি উপরোক্ত ৯টি মানদণ্ডের মূলনীতি হিসেবে চিহ্নিত হতে পারে সেগুলো হলো:
- অনেক ক্ষেত্রে আদর্শকে সামনে রেখে প্রতিটি মানদণ্ডের নির্দেশক ধারাবাহিকভাবে প্রণয়ন করা হয়। সকল নির্দেশকের তালিকা প্রদান করা হয় যা থেকে সম্ভাব্য বিষয় কমিউনিটি রেডিও স্টেশন গ্রহণ করে। এই ধরনের নির্দেশক কিছু নির্দিষ্ট স্টেশনকে স্থানীয় প্রেক্ষিতে অনন্য কোনো ধারণা বা প্রক্রিয়া উদ্ভাবন করলে তা টুলকিটে সন্নিবেশের সুযোগ করে দেয়। (অন্য কিছু? নির্দিষ্ট করে উল্লেখ করুন)।
- এই টুলকিটটি মূলনীতি, অনুশীলন এবং প্রক্রিয়ার উপর আলোকপাত করেছে। কমিউনিটির ওপর কমিউনিটির প্রভাব নিরূপণ করা এই টুলকিটের আওতা বহির্ভূত বিষয়। এর মূল লক্ষ্য বৃহৎ পরিসরের কমিউনিটি রেডিওর মূলনীতি এবং সর্বোত্তম ব্যবহারের মধ্যে সামঞ্জস্য রেখে কমিউনিটি রেডিওগুলির প্রাত্যাহিক কর্মকাণ্ড ও নীতিমালা কতটুকু সামঞ্জস্যপূর্ণ তা তুলে ধরে স্টেশনগুলোকে প্রাথমিকভাবে সহায়তা করা।
- এই টুলকিটটি কমিউনিটি রেডিও স্টেশনের সামগ্রিক পারফরম্যান্স/কর্মক্ষমতা/কর্মযোগ্যতা/কর্ম তৎপরতার গুণগতমান নির্ধারক হিসেবেও কাজ করতে পারে। এখানে 'গুণগত মান' বিবেচনা তাদের কর্মসূচির কারিগরি পরিধির মধ্যেই সীমাবদ্ধ নয়। বরং সবগুলো মানদণ্ড নির্বিশেষে সকল স্টেশনের মৌলিক নীতিমালার আলোকে বিবেচ্য।
- এই টুলকিট অন্য কোনো স্টেশনের মধ্যে কোনো তুলনার জন্য প্রযোজ্য হবে না। তাছাড়া অন্য কোনো সংস্থা স্টেশনের পাস বা ফেলও মূল্যায়ন করবে না।

### ২.১.২. এই টুলকিটটি কারা ব্যবহার করতে পারবে?

- যেসব কমিউনিটি রেডিও স্টেশন দুই বছর পার করেছে, তারা এই টুলকিট ব্যবহার করতে পারবে। আমরা মনে করি, একটি রেডিও স্টেশন স্থাপন এবং এর পূর্ণাঙ্গ পরিচালনায় নানা প্রক্রিয়ার সন্নিবেশ ঘটানোর জন্য এই দুই বছর সময় প্রয়োজন। প্রকৃত পক্ষে, সময় এর চেয়ে বেশিও লাগতে পারে, ধরা যাক, বছর পাঁচ, যেহেতু কমিউনিটি রেডিও স্টেশনগুলোকে সম্পদের নানা সীমাবদ্ধতার মধ্য দিয়ে অতিক্রম করতে হয়। কিন্তু কিভাবে এবং কোথায় উন্নয়ন ঘটাতে হবে তা ঠিক করার জন্য ২ বছর যথেষ্ট সময়।
- এই টুলকিটটি নতুন কমিউনিটি রেডিও স্টেশনের ক্ষেত্রেও প্রযোজ্য। হতে পারে একটি আদর্শ রেডিও স্টেশন কিভাবে পরিচালিত হয় তা বোঝার জন্য।

### ২.১.৩: কেন এই টুলকিটটি ব্যবহার করা হবে?

- CR-CIT কমিউনিটি রেডিও স্টেশনগুলোতে নিয়োজিত কর্মকর্তা ও স্বেচ্ছাসেবকদের মধ্যে তারা যে খুব ভালো কাজ করেছে এ ধরনের ইতিবাচক অনুভূতি সঞ্চালনার সুযোগ করে দেয়।
- CR-CIT কমিউনিটি রেডিও স্টেশনের কর্মরতদের তাদের ব্যস্ততম কাজের শিডিউলে খানিকটা বিরতির সুযোগ করে দেয়, যাতে তারা কিছু মানদণ্ডসহ তাদের আদর্শ ও লক্ষ্য সম্পর্কে ভাবনা চিন্তার সুযোগ পায়।
- আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়ার শেষে প্রতিটি কমিউনিটি রেডিও স্টেশন ধারাবাহিক উন্নয়নে তাদের ভবিষ্যত কর্মকাণ্ড পরিচালনার জন্য একটি সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ করতে সক্ষম হবে।
- এই টুলকিটটি রেডিও স্টেশনগুলোকে তাদের কর্মকাণ্ডের ফাঁকফোকর ও সীমাবদ্ধতাগুলো চিহ্নিত করে শুধরে নেয়ার সুযোগ করে দেবে।
- পারফরম্যান্স পর্যালোচনার সুযোগ থাকায় প্রতিটি রেডিও স্টেশন নিজ নিজ স্টেশন আরো ভালোভাবে পরিচালনা করা এবং শ্রোতাদের আরো কার্যকর ভাবে সেবা দানের সুযোগ পাবে।
- যদিও এই টুলকিটটির মাধ্যমে বাইরের কোনো বিষয়কে বিশ্লেষণ করার কথা বলা হয়নি। তবুও এর মাধ্যমে বিস্তৃত আঙ্গিকে আরও কিছু তুলনামূলক বিশ্লেষণ ও মূল্যায়নে ভালো প্রস্তুতি গ্রহণ করা সম্ভব হবে।
- সর্বোপরি, এই টুলকিটটির লক্ষ্য হলো বিশ্বব্যাপী অনুসৃত উৎকৃষ্ট/উত্তম কর্মনীতিসমূহের সাথে কমিউনিটি রেডিও স্টেশনের নিয়মিত তাল

মিলিয়ে চলার প্রতি সচেষ্টি করে তোলা।

### ২.১.৪. কখন এই টুলকিটটি ব্যবহৃত হবে?

- কমিউনিটি রেডিও স্টেশনগুলো তাদের প্রতিষ্ঠার দুই বছর অতিক্রম হওয়ার পর থেকে এই টুলকিটটি ব্যবহার করতে পারবে।
- টুলকিটটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে কমিউনিটি রেডিও স্টেশনগুলো নির্দিষ্ট সময়ান্ত্রে নিজেরাই নিজেদের মূল্যায়ন করতে পারে। টুলকিটটি সামগ্রিকভাবে ব্যবহার করার ক্ষেত্রে, বাৎসরিক ভিত্তিতে পর্যালোচনা হতে পারে।
- তাছাড়া, কমিউনিটি রেডিও যেকোনো সময়ে যে কোনো বিষয়ের ওপরও এই টুলকিটটি ব্যবহার করে নিজেদের সক্ষমতা ও দুর্বলতাগুলো চিহ্নিত করতে পারে।

## ২.২ আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়া: ধাপে ধাপে



কমিউনিটি রেডিও স্টেশনগুলি আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়া অনুসরণ করে এই টুলকিটটি ব্যবহার করবে। এই পদ্ধতি কমিউনিটি রেডিওগুলোর ধারাবাহিক উন্নয়নে তাদের অনুশীলনের সক্ষমতা যাচাই এবং দুর্বলতা খুঁজে বের করতে সাহায্য করবে। এই ধারণাটি ধীরে ধীরে রেডিও সংশ্লিষ্টদের সক্ষমতাকে শুধুমাত্র সহ-মূল্যায়নকারী নয়, বরং সহায়কের ভূমিকায়ও প্রতিষ্ঠিত করবে।

এই টুলকিটের প্রধান সুবিধা হচ্ছে, এটি কোনো উপদেশমূলক নয়, বরং এটি এমন একটি পদ্ধতি যেখানে সহ-মূল্যায়নকারী মূল্যায়ন প্রক্রিয়ায় সহায়তা ও একে সমৃদ্ধতর করতে পারে। এভাবে স্টেশনটি সহ-মূল্যায়নকারীদের তথ্য কাজে লাগিয়ে স্টেশনটির ভবিষ্যৎ কৌশল নির্ধারণে কাজ করতে পারে।

কাঠামোর দিক থেকে এই টুলকিটটি বিভিন্ন অংশ/অধ্যায়ে বিভক্ত এবং স্বাধীনভাবে প্রয়োগযোগ্য। যদি কমিউনিটি রেডিও স্টেশন একই সাথে তার সকল বিষয় বা প্যারামিটার এই টুলকিটের মাধ্যমে যাচাই করে দেখতে চায়, সেক্ষেত্রে পর্যাপ্ত সময় নিতে হবে, যাতে সকল অংশীজন/স্টেকহোল্ডার অংশগ্রহণ করতে পারে এবং নিজেদের তুলে ধরতে পারে।

সিআর-সিআইটি'র মাঠ পর্যায়ের অভিজ্ঞতার উপর ভিত্তি করে স্টেশনের সুবিধামতো প্রথম ধাপের মূল্যায়নের পর আমরা দ্বিতীয় ধাপে যাওয়ার পরামর্শ দিই, (যার ব্যাপ্তিকাল হতে পারে দুই থেকে তিনদিনের)। আত্ম-মূল্যায়ন এবং সহ-মূল্যায়নের অন্তর্ভুক্ত সকল পক্ষকে অবশ্যই এর ব্যাপ্তিকাল সম্পর্কে একমত হতে হবে।

### ধাপ-১

নিম্নের প্রতিনিধি/ব্যক্তির সমন্বয়ে প্রস্তুতি সভা-

ক. স্টেশন ব্যবস্থাপক এবং কর্মী।

খ. কমিউনিটি রেডিও ব্যবস্থাপনা কমিটি এবং উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ।

গ. মূল প্রতিষ্ঠান থেকে কমপক্ষে একজন সদস্য থাকতে হবে (যদি ইতিমধ্যে ব্যবস্থাপনা কমিটিতে না থাকেন), যিনি টুলকিটটি পাঠ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন, যেগুলো মূল সভায় সহ-মূল্যায়নকারীদের বিভিন্ন প্যারামিটার নিয়ে কাজ করার বেলায় কাজে আসতে পারে। (ধাপ-২ দেখুন)

টুলকিট একটি পূর্ণাঙ্গ নির্দেশিকা, যা বিভিন্ন প্যারামিটার/উপাদানের বিস্তারিত যৌক্তিকতা তুলে ধরেছে এবং নির্দেশকসমূহের বর্ণনা দিয়েছে। কমিউনিটি রেডিও স্টেশন আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণের আগে ব্যবহার গাইডটি পর্যালোচনার সুযোগ নিতে পারে। এ প্রক্রিয়া তথ্য সংকলনে সহায়তা করতে পারে, যা কিছু প্রশ্নের যথাযথ উত্তর পেতে সহায়ক হতে পারে।

### ধাপ-২

দ্বিতীয় পর্যায়টি মূল সভা নিয়ে গঠিত (যাকে আত্ম-মূল্যায়ন এবং সহ-মূল্যায়ন পদ্ধতির কেন্দ্র বলা যায়)। সভায় নিম্নোক্ত অংশগ্রহণকারীরা থাকবেন-

ক. স্টেশন ব্যবস্থাপক এবং কর্মী

খ. কমিউনিটি রেডিও ব্যবস্থাপক কমিটি এবং উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ

গ. মূল সংগঠনের একজন সদস্য (যদি ইতিমধ্যে ব্যবস্থাপনা কমিটিতে না থাকেন)

ঘ. দুটি কমিউনিটি রেডিও স্টেশন থেকে একজন করে দুজন প্রতিনিধি থাকবেন, যারা সহ মূল্যায়নকারী হিসেবে কাজ করবেন। স্টেশন কর্তারা যখন স্টেশন পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন, সে মুহূর্তে কমিউনিটি রেডিও ব্যবস্থাপনা কমিটি এবং মূল সংগঠনের সদস্যদের উপস্থিতি গুরুত্বপূর্ণ। কারণ বৃহৎ নীতি এবং রিসোর্স/সম্পদের ক্ষেত্রে টুলকিটের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

সভা সম্বলনার জন্য আমরা নিম্নোক্ত নির্দেশনা প্রস্তাব করি-

- কমিউনিটি রেডিও টুলকিট একই সাথে একটি প্যারামিটার পরিচালনা করবে। প্রত্যেকটি প্যারামিটারের মধ্যে দলটি একই সঙ্গে একটি প্রশ্ন নেবে এবং তার জবাব যাচাই করবে। দলের একজন সদস্য প্যারামিটারের মধ্য থেকে প্রশ্ন উত্থাপন করবে। দ্বিতীয় অংশগ্রহণকারী ব্যবহারবিধি থেকে উপযুক্ত ব্যাখ্যা দেবে। এটা স্ব-মূল্যায়ন স্টেশনের সদস্যদের মাঝে আলাপ-আলোচনা ও যুক্তি তর্কের পরে আসবে এবং সবশেষে যথাযথ বিষয়াদি চিহ্নিত করে রাখা হবে।
- একটি প্যারামিটারের মধ্যে দিয়ে স্টেশন দলটির প্রশ্নগুলো উপস্থাপনার পুরোটা সময় পিয়ার মূল্যায়নকারীরা পর্যবেক্ষণ এবং অপেক্ষা করবে। অতপর সেই নির্দিষ্ট প্যারামিটারের উপর তারা তাদের দৃষ্টিভঙ্গি ও অভিজ্ঞতা প্রকাশ করবে।
- স্টেশন দলটি স্টেশনের লক্ষ্য নির্ধারণের জন্য সহ-মূল্যায়নকারীদের দৃষ্টিভঙ্গি এবং তাদের নিজেদের প্রতিক্রিয়া বিবেচনায় নিতে পারে। লক্ষ্যমাত্রা একটি বাস্তবসম্মত সময়সীমা অনুসরণ করবে যাতে, স্টেশনটি পেছনে ফিরে তার অর্জনটি পর্যালোচনা করতে পারে। এই উদ্দেশ্যে টুলকিটের প্রত্যেক অংশের শেষে গোলপোস্ট বা কাজিফত লক্ষ্যের জন্য পৃষ্ঠা ব্যবহার করুন।
- নয়টি প্যারামিটারের প্রত্যেকটিতে এই প্রক্রিয়ার পুনরাবৃত্তি ঘটবে।
- চূড়ান্ত পর্যায়ে, স্টেশনের জন্য আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়ার ফলাফলের মূল্যায়নের জন্য একটি মুক্ত আলোচনা হতে পারে। এর ফলশ্রুতিতে ফলাফলের একটি ডকুমেন্ট ও লক্ষ্যমাত্রা থেকে প্রাপ্ত করণীয়সমূহের একটি তালিকা সংকলিত হতে পারে।

### ২.২.১: সহ-মূল্যায়নকারীদের ভূমিকা

- দুটি স্টেশন থেকে একজন করে সহ-মূল্যায়নকারী থাকবে। খুব ভালো হয় দুজনই একই ভাষাভাষি অঞ্চল থেকে যদি আসে এবং আত্ম-মূল্যায়নের দিক থেকেও স্টেশনগুলো একই প্রকৃতির হয় (যেমন শহর, গ্রাম কেন্দ্রিক এনজিও, ক্যাম্পাস ভিত্তিক, কৃষি বিশ্ববিদ্যালয় ভিত্তিক ইত্যাদি)। সহ-মূল্যায়নকারী দলের সঙ্গে স্টেশন পর্যায়ের কর্মীগণ সহ ও আত্ম-মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। যদি আমন্ত্রিত পিয়ারদের কমিউনিটি রেডিও টুলকিট এবং উপরোক্ত মূল্যায়ন প্রক্রিয়ার উপর পূর্ব অভিজ্ঞতা থাকে, তবে তা হবে একটি বাড়তি সুবিধা।
- সহ-মূল্যায়নকারীগণ স্টেশন টিমের সাথে কার্যপ্রণালীর (ধাপ-২তে আলোচনা করা হয়েছে) মধ্য দিয়ে আত্ম-মূল্যায়ন ও সহ মূল্যায়ন প্রক্রিয়া শুরু করতে পারে। এতে করে বিষয়বস্তুর উপর সাধারণ ধারণা/বোঝা পড়া সৃষ্টি হবে।
- স্টেশন টিম একটি প্যারামিটারের সকল প্রশ্ন এবং সেগুলোর উত্তর লেখার পর পিয়ারবন্দ একই সেটের প্রশ্নের ওপর তাদের মতামত রাখবেন এবং প্যারামিটারের প্রত্যেক অংশে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করবেন।
- এই পদ্ধতির মূল কথা হলো স্ব-মূল্যায়নকারী স্টেশনের সাথে পিয়ারদের অভিজ্ঞতা বিনিময় করা এবং প্যারামিটার সম্পর্কে তাদের প্রাসঙ্গিক ধ্যান ধারণা যোগ করা।
- পিয়ারদের ভূমিকা হবে বন্ধু এবং সহশিক্ষার্থীদের মত, যারা ফলপ্রসূ আত্ম-মূল্যায়ন প্রক্রিয়ায় স্টেশনটিকে সহযোগিতা করেছে। আবার একই সময়ে এই প্রক্রিয়ায় তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গি এবং পরামর্শ যুক্ত করবে।
- পিয়ারবন্দ বহিরাগত মূল্যায়নকারী হিসেবে কাজ করা থেকে বিরত থাকবে। কাজিফত লক্ষ্য নির্ধারণে তাদের ধারণাকে স্বাগত জানানো হবে।
- আত্ম-মূল্যায়ন প্রক্রিয়ায় তাদের জড়িয়ে পড়া ঠিক হবে না। তবে তাদের নিজেদের স্টেশন থেকে কোন উদাহরণ দেয়া কার্যকরী হতে পারে- যদি এটা কোন সমাধান বাতলে দেয় অথবা অভিনব ধারণার জন্ম দেয়।
- পিয়ার মূল্যায়নকৃত প্রক্রিয়ার শেষে মুক্ত আলোচনাকে সহায়তা করে, যা থেকে একটি মূল্যায়ন দলিল তৈরি হতে পারে। মূল্যায়ন দলিলে স্ব-মূল্যায়নকৃত কেন্দ্রের অর্জিত সক্ষমতা ও দুর্বলতা, পিয়ার স্টেশনের অভিজ্ঞতা ও শিক্ষা অন্তর্ভুক্ত এবং কাজিফত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

### ২.২.২; যেভাবে প্রক্রিয়া শুরু

- চূড়ান্ত সভায় বিভিন্ন প্যারামিটার উপস্থাপনের জন্য প্রস্তুতিমূলক সভার আয়োজন করুন এবং প্যারামিটারের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রয়োজনীয় ডাটা সংগ্রহ ও সংকলন করুন।
- চূড়ান্ত সভা আহ্বানের জন্য যোগ্যতা সম্পন্ন পিয়ারবন্দ নির্ধারণ করুন এবং পারস্পরিক মতামতের উপর ভিত্তি করে সময় ও যথাযথ তারিখ নির্ধারণ করুন।
- সকল অংশীজন/স্টেকহোল্ডারদের আমন্ত্রণ জানান।
- চূড়ান্ত সভা এমন স্থানে আয়োজন করুন যেখানে অংশগ্রহণকারীরা স্বতস্কৃতভাবে আলাপ আলোচনা করতে পারে।
- সভায় আত্ম-মূল্যায়ন ও সহ-মূল্যায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করার পর কমিউনিটি রেডিও স্টেশনগুলোর কার্যক্রম পর্যালোচনার জন্য কমিউনিটি রেডিও-সিআইটি ব্যবহার করুন এবং অব্যাহতভাবে উন্নতির জন্য কাজিফত লক্ষ্য নির্ধারণ করুন।

## ২.৩. মাঠ পর্যায়ে কমিউনিটি রেডিও-সিআইটি অনুসরণকারীদের চেকলিস্ট



কমিউনিটি রেডিও টুলকিটের তালিকাভুক্ত নয়টি প্যারামিটারের উপর ভিত্তি করে কমিউনিটি রেডিও স্টেশনগুলো তাদের অবস্থান পর্যালোচনার পূর্বে নিম্নোক্ত তথ্যাবলি প্রস্তুত করে রাখবে। এ ক্ষেত্রে এক বছরের তথ্যাবলী বিবেচনায় রাখলে ভালো হয়।

### আধেয় তৈরি ও অনুষ্ঠান নির্মাণ

- অনুষ্ঠান পরিকল্পনা, প্রযোজনা, প্রযোজনা-পরবর্তী কার্যক্রমের সাথে অন্তর্ভুক্ত সকল মেধাসম্পন্ন ব্যক্তির মোট সংখ্যা (কর্মী, স্বেচ্ছাসেবক এবং কমিউনিটির লোকজনও এর মধ্যে অন্তর্ভুক্ত)।
- স্বেচ্ছাসেবকসহ কমিউনিটির সকল সদস্যের (বেতনভোগী কর্মী ছাড়া) মোট সংখ্যা
- স্বেচ্ছাসেবকসহ কমিউনিটির সকল প্রান্তিক জনগণের (বেতনভোগী কর্মী ছাড়া) মোট সংখ্যা
- বেতনভোগী কর্মীসহ সকল নারীর মোট সংখ্যা
- বিনোদন অনুষ্ঠানে অন্তর্ভুক্ত সব স্থানীয় শিল্পীর মোট সংখ্যা
- তথ্য-ভিত্তিক অনুষ্ঠানে বিশেষজ্ঞ হিসেবে অন্তর্ভুক্ত মোট সদস্য সংখ্যা (কমিউনিটির নেতৃত্বদ ও ক্ষমতাধর ব্যক্তিবর্গ এর অন্তর্ভুক্ত নয়)

### নীতিমালা ও গাইডলাইন

- কমিউনিটি রেডিও স্টেশনের নিজস্ব লক্ষ্য ও উদ্দেশ্যের বিবরণ
- জনবল নিয়োগের ক্ষেত্রে ব্যবহার্য নীতিমালার লিখিত রূপ
- লিখিত আকারে কর্মক্ষেত্রে ব্যবহার্য স্বচ্ছ ও নিরপেক্ষ নীতি (যদি থাকে)
- ঐতিহাসিকভাবে প্রান্তিক গ্রুপ ও নারীদের জন্য ব্যবহার্য লিখিত আকারে নীতি (যদি থাকে)
- লিখিত আকারে আধেয় নীতি (যদি থাকে)
- লিখিত আকারে স্বেচ্ছাসেবীদের দক্ষতা বৃদ্ধির নীতি (যদি থাকে)

### স্বেচ্ছাসেবক

- কমিউনিটি রেডিও স্টেশনে অংশগ্রহণকারী সকল স্বেচ্ছাসেবীর মোট সংখ্যা
- স্বেচ্ছাসেবী আকৃষ্ট করার নীতি (যদি থাকে)
- স্বেচ্ছাসেবীদের দক্ষতা বৃদ্ধির নীতিমালা (যদি থাকে)

### প্রযুক্তি : প্রবেশ অভিগম্যতা ও ব্যবস্থাপনা

- প্রশিক্ষণ নীতি, যদি থাকে
- স্থানীয় ভাষায় যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণের জন্য সহায়ক নীতিমালা/নির্দেশিকা, যদি থাকে
- কমিউনিটি রেডিও স্টেশনের বীমা নীতি

### সম্প্রচার মান

- কমিউনিটি রেডিও স্টেশনের নিজস্ব প্রোগ্রামিং কোড বা নীতিমালা (রাষ্ট্রীয় সম্প্রচার নীতির বাইরে)

### নিজস্ব পরিচালনা ব্যবস্থা/ব্যবস্থাপনা

- রেডিও ব্যবস্থাপনা কমিটি/উপদেষ্টা কমিটির গঠন কাঠামো

### মতামত ও অভিযোগ

- ফিডব্যাক গ্রহণ ও বিশ্লেষণের জন্য প্রক্রিয়া/নীতি
- অভিযোগ গ্রহণ ও বিশ্লেষণের জন্য প্রক্রিয়া/নীতি
- ফিডব্যাকের উপর ভিত্তি করে কমিউনিটি রেডিও-এর কার্যপ্রণালী নির্ধারণ
- অভিযোগ গ্রহণের মাধ্যমে ভুল-সংশোধন, যদি থাকে

### আধেয় বিনিময় এবং নেটওয়ার্কিং/আন্তঃসংযোগ

- কমিউনিটি রেডিও স্টেশনের আধেয় বিনিময় নীতি, যদি থাকে
- অনুষ্ঠানমালার জন্য তৃতীয় পক্ষীয় উৎস (ইউনিসেফ, ইউনেসকো, ডয়েচে ভেলে ইত্যাদি)
- তৃতীয় উৎস থেকে প্রাপ্ত প্রোগ্রামের শতকরা হার
- স্থানীয় শিল্পী-কুশলীদের অধিকার রক্ষার্থে নীতি, বিশেষভাবে যখন অন্য কমিউনিটি রেডিও স্টেশনের সাথে অনুষ্ঠান আদান প্রদান করা হয়।
- প্রযুক্তি, ব্যবস্থাপনা অনুশীলন, অংশগ্রহণ ইত্যাদির উপর কমিউনিটি রেডিও স্টেশনের সক্ষমতা বিনিময় নীতি, যদি থাকে
- জাতীয়, আন্তর্জাতিক এবং অন্যান্য স্টেশনের নেটওয়ার্কের সাথে কমিউনিটি রেডিও স্টেশনের আন্তযোগাযোগ নীতি, যদি থাকে
- দাবি ও অধিকার নিয়ে আন্দোলনরত সামাজিক সংগঠনের সাথে কমিউনিটি রেডিও স্টেশনের আন্তযোগাযোগ নীতি।

#### রাজস্ব সংগ্রহ এবং আর্থিক দায়বদ্ধতা

- রাজস্বের সকল উৎস
- সদস্যপদ বাবদ প্রাপ্ত ফি, যদি থাকে
- কমিউনিটির নগদ বা মানবিক অবদান, যদি থাকে
- স্টেশনের বিপণনমূলক দ্রব্যাদি
- প্রতিদিনের সম্প্রচার ঘণ্টা
- গত এক বছরে সম্প্রচারিত সর্বমোট বাণিজ্যিক ঘণ্টা
- কমিউনিটির সাথে কমিউনিটি রেডিও স্টেশনের আয়-ব্যয় বিনিময়ের কোন ব্যবস্থা/প্র্যাকটিস, যদি থাকে



এই অধ্যায়ে ৯টি মানদণ্ড ও তার বিভিন্ন উপশাখাসমূহের পরিচিতিমূলক ব্যাখ্যা দেয়া হয়েছে। এখানকার প্রশ্নের ক্রমিক নম্বর পরবর্তী অধ্যায়ের প্রশ্নমালার সঙ্গে সূত্রবদ্ধ; যা কমিউনিটি রেডিও স্টেশনের বর্তমান পরিস্থিতি বোঝার ও পরিমাপ করার সূচক হিসেবে কাজ করে। প্রতিটি প্রশ্নের ব্যাখ্যা এবং প্রশ্নের জবাব বিশ্লেষণের স্বরূপ এখানে দেয়া হয়েছে যাতে বিধিবদ্ধ নিয়মে এই টুলকিটটি ব্যবহার করা যায়। যেভাবে আগে বলা হয়েছে, অনুশীলন শুরু করার আগেই কমিউনিটি রেডিও স্টেশনগুলোকে সচেতনভাবে আলোচনা করা উচিত, যেন তারা টুলকিটের প্রশ্নগুলো বুঝতে পারে।

## ৩.১: আধেয় (বিষয়বস্তু) নির্ধারণ এবং অনুষ্ঠান নির্মাণ

টুলকিটের প্রথম অধ্যায়টি কমিউনিটি রেডিও স্টেশনের কর্মসূচি প্রণয়ন এবং অনুষ্ঠানের বিষয়বস্তু বা আধেয় নির্ধারণের ওপর আলোকপাত করে। এই অধ্যায় থেকে জানা যাবে কিভাবে সফলতার সাথে একজন কমিউনিটির সদস্যকে কর্মসূচি পরিকল্পনা, কর্মসূচি নির্মাণ, কর্মসূচিতে অংশগ্রহণ এবং কর্মসূচি পরবর্তীকালীন প্রয়োজনা ইত্যাদি পর্যায়ে রেডিও কর্মসূচির ধারাবাহিক উন্নয়নে যুক্ত করা যায়। এটা স্টেশনকে এটুকু জানতে সহযোগিতা করে যে, কমিউনিটি থেকে কত সংখ্যক অংশগ্রহণকারী উন্নয়ন কর্মসূচিতে অংশ নিয়েছে এবং কী পরিমাণ অবদান রেখেছে।



কমিউনিটি রেডিও স্টেশনের জন্য বিভিন্ন ধরনের বৈচিত্র্যপূর্ণ কর্মসূচি ও সর্বদাই নতুন নতুন কর্মসূচি প্রণয়নের প্রয়োজনীয়তা উড়িয়ে দেওয়ার বিষয় নয়। যখন স্টেশন ব্যবস্থাপক কমিউনিটির সদস্যদের কর্মসূচি প্রয়োজনার বিভিন্ন পর্যায়ে অন্তর্ভুক্ত করেন, তখন তাদের মাঝে ওই স্টেশনের ওপর নিজেদের দায়িত্ববোধের ধারণা আরো মজবুত হয়। কমিউনিটি রেডিওর মাধ্যমে শ্রোতার কণ্ঠ শুনতে পাওয়া “কমিউনিটি মালিকানা” ধারণার একটি গুরুত্বপূর্ণ অংশ। এই সেকশনে কতদূর পর্যন্ত কমিউনিটি রেডিও স্টেশন ক্রমাগত ভাবে বাইরের জনগোষ্ঠীর কণ্ঠগুলো (নারী, দলিত সমাজ, উপজাতি ইত্যাদি) নিতে পারে তাও মূল্যায়ন করা হয়েছে।

### প্রশ্নের জন্য নির্দেশিকা ১.১-১.৩

নিম্নোক্ত ৪টি কর্মকাণ্ডের মাধ্যমে নানা ধরনের কার্যক্রম পরিচালিত হয়-

- কর্মসূচি পরিকল্পনা: সৃজনশীল ধারণা, গবেষণা, স্ক্রিপ্ট তৈরি এবং প্রতিভা অন্বেষণের মতো প্রয়োজনা পূর্ববর্তী কাজসমূহ এই কর্মকাণ্ডের আওতাভুক্ত হবে।
- অনুষ্ঠান নির্মাণ: মাঠ কিংবা স্টুডিওতে সঠিকভাবে রেকর্ডিং (অনুষ্ঠান ধারণা)।
- অনুষ্ঠানে অংশগ্রহণ: বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণকারী হিসেবে কমিউনিটি সদস্যদের অংশগ্রহণ।
- অনুষ্ঠান পরবর্তী প্রয়োজনা: একটি অনুষ্ঠান সম্পাদনা এবং সম্প্রচারের জন্য চূড়ান্ত করা।

| অংশগ্রহণের শতকরা হার  | অংশগ্রহণের মান |
|-----------------------|----------------|
| ৭৫ শতাংশ এবং তার বেশি | খুবই ভালো      |
| ৫০-৭৪ শতাংশ           | ভালো           |
| ৩০-৪৯ শতাংশ           | মোটামুটি       |
| ১০-২৯ শতাংশ           | কম             |
| ০-৯ শতাংশ             | শূন্য          |

১.১ : এই প্রশ্নের মাধ্যমে স্টেশনের কাছে জানতে চাওয়া হয় কমিউনিটির কত শতাংশ জনগণ কমিউনিটি রেডিও স্টেশনের অনুষ্ঠান নির্মাণের ৪টি ধাপে অংশ নিয়েছে। এই প্রশ্নের মধ্যে স্টেশনের কর্মী কমিউনিটির সদস্য হিসেবে বিবেচিত হবে না। এই হিসাব করার জন্য অনুষ্ঠানের প্রতিটি কাজের মধ্যে কমিউনিটির পুরো সক্ষম জনগোষ্ঠী অবশ্যই বিবেচিত হবে। কর্মী ব্যতীত কমিউনিটির সদস্যদের মধ্যে শতকরা হার হিসেব করতে হবে। তারপর তা সারণীর উপযুক্ত স্থানে বসাতে হবে।

উদাহরণস্বরূপ, একটি কমিউনিটি রেডিও স্টেশনে ১০ জন লোক একটি অনুষ্ঠান পরিকল্পনায় অংশ নিয়েছে, যার মধ্যে ২ জন কমিউনিটি রেডিও স্টেশনের কর্মী। বাকি ৮ জন কমিউনিটির সদস্য। তাহলে কমিউনিটি সদস্যদের শতকরা হিসেব দাঁড়াবে-

$$8/10 \times 100 = 80\%$$

৭৫% থেকে ৮০% পর্যন্ত উপস্থিতি হবে সন্তোষজনক

অংশগ্রহণের নীতিতে স্মরণে রাখা দরকার যে, যেহেতু এই নীতির উপর কমিউনিটি রেডিও খাতটি প্রতিষ্ঠিত হয়েছে; সুতরাং দীর্ঘমেয়াদী চলমান উন্নয়ন প্রক্রিয়ায় কমিউনিটি রেডিও স্টেশন ব্যাপক অংশগ্রহণকে উৎসাহিত করবে।

১.২ : কমিউনিটি রেডিও স্টেশনের অনুষ্ঠান নির্মাণের ৪টি ধাপে প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণের হার এই প্রশ্নে আলোকপাত করা হয়েছে। এখানে অংশগ্রহণকারীর মোট সংখ্যা হিসাবে নেওয়ার ক্ষেত্রে ওই স্টেশনের স্টাফকেও অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা এরকম গ্রুপের একটি অংশ।

“প্রান্তিক জনগোষ্ঠী” বলতে বোঝানো হয়েছে দলিত সমাজ, উপজাতি, সংখ্যালঘু গোষ্ঠী (ধর্মভিত্তিক, জাতিগোষ্ঠীভিত্তিক এবং লিঙ্গভিত্তিক) এবং প্রতিবন্ধী মানুষ ইত্যাদি। বিভিন্ন প্রান্তিক জনগোষ্ঠীর শতকরা সদস্য (কর্মীসহ) হিসেবে আনতে হবে, তারপর সূচকের উপযুক্ত স্থানে তা বসাতে হবে। উদাহরণস্বরূপ, একটি কমিউনিটি রেডিও স্টেশনের একটি প্রোগ্রাম পরবর্তী প্রয়োজনায় ১০ জন সদস্য রয়েছে যার মধ্যে ৩ জন প্রান্তিক। ফলে হিসেব দাঁড়ায়-

$$3/10 \times 100 = 30\%$$

অংশগ্রহণের এই হার ‘মোটামুটি’

১.৩ : এই ধাপে এসে চারটি ক্ষেত্রের মধ্যে নারীদের অংশগ্রহণ কেমন তা যাচাই করার চেষ্টা করা হয়। এখানে কমিউনিটি রেডিও স্টেশনের নারীকর্মীদেরও অন্তর্ভুক্ত করা যেতে পারে। প্রতিটি প্রচারিত অনুষ্ঠানের কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত সকলকে মোট ধরে নিয়ে হিসাব করা হয়। কমিউনিটি রেডিওর সাথে সম্পর্কিত সদস্যসহ পুরো সম্প্রদায়ের নারীদের অংশগ্রহণের মাত্রা সনাক্ত করে উপযুক্ত হিসাব নিকাশ করে যথাযথ ভাবে ছকে অন্তর্ভুক্ত করা হয়ে থাকে। ধরা যাক অনুষ্ঠানের সাথে সম্পর্কিত প্রতি ১০ জনের মধ্যে ৫ জন নারী। এক্ষেত্রে অংশগ্রহণের হার ৫০% যাকে “ভালো” বলেই ধরে নেয়া যায়।

$$5/10 \times 100 = 50\%$$

অংশগ্রহণের এই হার ‘ভালো’

১.৪ : এখানে গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, কমিউনিটি রেডিও স্টেশন সব বয়সি কমিউনিটি সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করার চেষ্টা করবে। এই প্রশ্নের হিসাব নিরূপণে অনুষ্ঠানের উপাদান নির্ধারণ ও নির্মাণের ক্ষেত্রে স্টেশনের কর্মীসহ সকলকে বিবেচনায় নিতে হবে। যখন সকল বয়সির অংশগ্রহণের শতকরা হার একত্রে যোগ করা হবে, তখন তা হবে শতভাগের কাছাকাছি।

১.৫ : এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশনের বিনোদনমূলক প্রোগ্রামের শতকরা হার নির্ণয় করা হয়, যার মাধ্যমে স্থানীয় শিল্পী/তারকাদের তুলে আনা হয়। এ ক্ষেত্রে বিনোদনমূলক অনুষ্ঠান নির্ধারণে ঐকমত্য থাকা প্রয়োজন। কমিউনিটি রেডিও আদর্শিকভাবে স্থানীয় প্রতিভাকে তুলে আনে এবং আদিবাসী শিল্পকলাকে উৎসাহিত করে।

এই প্রশ্নে স্থানীয় প্রতিভাবানদের অংশগ্রহণে বিনোদনমূলক প্রোগ্রামের শতকরা হারের উপর গুরুত্ব দেয়া হয়, যেখানে কমিউনিটি রেডিও স্টেশনে সম্প্রচারিত সকল বিনোদনমূলক প্রোগ্রামের তুলনায় এর শতকরা হার হিসেব করা হয়। এর মূল লক্ষ্য হলো, সেইসব বিনোদনমূলক প্রোগ্রামের হার বৃদ্ধি করা, যার মাধ্যমে স্থানীয় প্রতিভা ও শিল্পকলা উৎসাহিত হয়।

১.৬ : এই প্রশ্নে তথ্য নির্ভর অনুষ্ঠানের শতকরা হার নিরূপণ করা হয়, যে অনুষ্ঠানগুলিতে স্থানীয় জনগোষ্ঠী ‘বিশেষজ্ঞ’ হিসাবে অংশগ্রহণ করে। ‘বিশেষজ্ঞ’ বলতে কেবলমাত্র আনুষ্ঠানিক বা প্রাতিষ্ঠানিক নয়, যাদের রয়েছে অভিজ্ঞতা লব্ধ জ্ঞান তাদেরকে বোঝানো হয়েছে। এক্ষেত্রে শতকরা হিসাব নিরূপণে রেডিও স্টেশনে সম্প্রচারিত তথ্য নির্ভর সর্বমোট অনুষ্ঠান সংখ্যাকে ভিত্তি হিসেবে ধরা হয়। এর লক্ষ্য হলো তথ্য নির্ভর অনুষ্ঠানের শতকরা হার বৃদ্ধি করা, যেখানে জনগোষ্ঠীর জ্ঞান প্রতিফলিত ও উৎসাহিত হয়। এক্ষেত্রেও বিশেষজ্ঞ হিসেবে কমিউনিটি সদস্যদের আহ্বান করা হয়ে থাকে। এতে তথ্য নির্ভর অনুষ্ঠানগুলোর প্রকৃত সংখ্যাটা অনেক বেশি গুরুত্ব দিয়ে বিচার করা হয়। এখানে দেখা হয় কতটি তথ্য নির্ভর অনুষ্ঠান প্রচারিত হলো এবং তাতে কমিউনিটির মানুষের সাড়াদান ও অংশগ্রহণ কেমন।

১.৭ : কমিউনিটি রেডিও স্টেশনের সম্প্রচারিক প্রোগ্রামগুলোর বিভিন্ন ধরন/ফরমেট নানারকম শ্রোতাকে আকৃষ্ট করে।

- “কথা বলা” বলতে বোঝায় কোন একজন ব্যক্তি শ্রোতাদের সঙ্গে কথোপকথনে লিপ্ত হয়েছেন।
- “সাক্ষাতকার” বলতে বোঝায় সাধারণত আমন্ত্রণকারি ও অতিথির মধ্যকার প্রশ্নোত্তর পদ্ধতি।
- “আলোচনা” বলতে বোঝায় একটি রেডিও অনুষ্ঠানে দুই বা ততোধিক ব্যক্তির পারস্পরিক আলাপচারিতা।
- “ভ্রম্পপ” বলতে বোঝায় ইতস্তত বিক্ষিপ্ত পথচারীর সঙ্গে সাক্ষাতকার, যার লক্ষ্য হলো কোন নির্দিষ্ট বিষয়ে নানা ধরনের প্রতিক্রিয়া ও মতামত জানা।
- “ম্যাগাজিন অনুষ্ঠান” বলতে বোঝায়, যেখানে নানা বিষয়ের ওপর আলাদা আইটেম বা প্যাকেজ থাকে।
- “মেধা অন্বেষণ” বা “ট্যালেন্ট শো” বলতে এমন অনুষ্ঠানকে বোঝায় যে অনুষ্ঠানের মধ্য দিয়ে সঙ্গীত বা এরকম অন্যান্য বিষয়ে নতুন ও প্রতিভাবানদের খুঁজে বের করা হয়। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)


একটি কমিউনিটি রেডিও স্টেশন তার অনুষ্ঠানসূচিতে যত বেশি সংখ্যক প্রোগ্রাম রাখে, তত তা বৈচিত্র্য লাভ করে এবং বিভিন্ন শ্রোতাকে আকৃষ্ট করে। একটি কমিউনিটি রেডিওর বৈচিত্র্যপূর্ণ অনুষ্ঠান বৃদ্ধির সম্ভাবনার পরিসর বাড়ানোর ক্ষমতা থাকতে হবে, যা বাণিজ্যিক রেডিও প্রায়ই এড়িয়ে যায়। একটি স্টেশন কাজক্ষত মাত্রায় নতুন নতুন প্রোগ্রাম নির্মাণের জন্য কাজ করতে পারে এবং মূল্যায়ন করতে পারে সেটি কতখানি নিয়মিত অনুষ্ঠানের সাথে নতুন নতুন অনুষ্ঠান সংমিশ্রণে সামঞ্জস্য বিধান করতে পেরেছে।

১.৮ : এই প্রশ্নে কমিউনিটি রেডিও স্টেশনের সংগ্রহ ও সংরক্ষণের অনুশীলনকে মূল্যায়ন করা হয়েছে। এ বিষয়ে স্টেশন চালু হওয়ার পর থেকে ন্যূনতম ৩ মাসের চলতি সংগ্রহশালা বিবেচিত হবে। সাধারণভাবে সংগ্রহশালা হলো একটি মানসম্মত রেডিও অনুশীলনের অংশ। সাধারণত একটি কমিউনিটি রেডিওর জন্য সংগ্রহশালা কমিউনিটির মৌখিক ইতিহাস এবং সংস্কৃতির সংরক্ষণ ও সম্প্রচারের ক্ষেত্রে এর দক্ষতার পরিচায়ক।

১.৯ : “অনুষ্ঠান উন্নয়ন”-এ কর্মীদের সাধারণ সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তা এই প্রশ্নে মূল্যায়ন করা হয়েছে। যখন অনেকাংশে এটি প্রাপ্ত সম্পদের ওপর নির্ভরশীল সেক্ষেত্রে পরামর্শ হলো যে, বছরে অন্তত দুটি কর্মশালা আয়োজন করা, যাতে কর্মীদের আগ্রহ ধরে রাখা যায় এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটে।

## ৩.২. নীতি ও নির্দেশনা

এখানে কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার ক্ষেত্রে সরকার প্রণীত নীতিমালার সঙ্গে সামঞ্জস্য নিয়ে আলোচনা করা হয়েছে। দেশের প্রচলিত নীতিমালা বিবেচনায় নিয়েই, বিশ্বব্যাপী কমিউনিটি রেডিওসমূহ তাদের নীতিমালা ও নির্দেশনা প্রণয়ন করে, যাতে থাকে সকলের অংশগ্রহণে সহায়ক নীতি, প্রতিনিধিত্ব, সামাজিক ন্যায্যতা এবং স্টেশন কর্মীদের জন্য নৈতিকতার মানদণ্ড। কমিউনিটি রেডিও পরিচালনার ক্ষেত্রে এই নীতিমালা ও কৌশলগুলো অনুসরণ করলে কাজ অনেক সহজ হয়ে যায়-



২.১ : এক্ষেত্রে প্রশ্নের মাধ্যমে জানতে চাওয়া হয় কমিউনিটি রেডিও স্টেশন সরকার প্রণীত নীতিমালা সম্পর্কে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার যেমন: এর কর্মীবৃন্দ, স্বেচ্ছাসেবক, শ্রোতা ও ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অবহিত করেছে কিনা। এর উদ্দেশ্য হলো রেডিও স্টেশন আইন বিরুদ্ধ এমন কিছু করবে না, তা নিশ্চিত করা।

২.২ : কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার নীতিমালা একটি বৃহত্তর পরিসরে পরিচালিত হলেও, রেডিও স্টেশন এর নিজস্ব লক্ষ্য, আদর্শ, দর্শনকে সুস্পষ্ট রূপে প্রতিফলিত করবে, সেটাই প্রত্যাশিত।

২.৩ : এই প্রশ্নের মাধ্যমে রেডিও স্টেশনকে তাদের অনুষ্ঠানমালায় সকলের অংশগ্রহণ নিশ্চিত করার অঙ্গীকার খোলাখুলিভাবে জানানোর জন্য উৎসাহিত করা হয়। কর্মকর্তা ও জনগোষ্ঠীর নিকট সহজবোধ্য করার জন্য এই প্রতিশ্রুতি স্থানীয় ভাষায় প্রণীত হওয়া উচিত। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

২.৪ : সকল কর্মচারী কর্মকর্তা থেকে শুরু করে স্বেচ্ছাসেবীদের পর্যন্ত কাজ করার উপযুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে প্রতিটি কমিউনিটি রেডিও স্টেশনের একটি লিখিত নীতিমালা থাকা প্রত্যাশিত। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

২.৫ : কমিউনিটি রেডিও স্টেশন অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে পশ্চাদপদদের কণ্ঠস্বরকে অন্তর্ভুক্ত করে সমাজ পরিবর্তনকে এগিয়ে নেবে। সুতরাং এই প্রশ্নের মাধ্যমে নিরূপণ করা হবে রেডিও স্টেশনের নীতিমালা প্রান্তিক জনগোষ্ঠীর সমস্যাগুলোর প্রতিনিধিত্ব করেছে কিনা। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

২.৬ : একটি বিষয় খেয়াল রাখা সব থেকে জরুরি, তা হচ্ছে কমিউনিটি রেডিওতে অনুষ্ঠান প্রচারের সময় সমাজের সকল স্তরের কথা যেন অন্তর্ভুক্ত হয়। এর মাধ্যমে এটা নিশ্চিত করা যাতে শ্রোতা জনগোষ্ঠীর মধ্যে কোন বিশেষ গ্রুপ যেন বাদ না পড়ে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

২.৭ : কমিউনিটি রেডিও স্টেশনগুলি বিজ্ঞাপনের ক্ষেত্রে নির্দিষ্ট বাণিজ্যিক নীতিমালা মেনে চলবে, এক্ষেত্রে বিকল্প থাকতে পারে যেমন: (ক) স্থানীয় পণ্য ও সেবা বিষয়ে কমিউনিটি রেডিওতে প্রচারিত বিজ্ঞাপন প্রচারে নিষেধাজ্ঞামূলক নীতিমালা (খ) স্টেশনগুলি এর বাইরে গিয়ে কি ধরনের বিজ্ঞাপন প্রচারের জন্য তারা গ্রহণ করবে, সে নীতিমালা প্রনয়ন করবে (গ) কমিউনিটি রেডিও নিজস্ব দর্শন ও নীতিমালার আলোকে এর বিজ্ঞাপন সম্প্রচারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করবে।

২.৮: এই প্রশ্নের মাধ্যমে নিরূপণ করা হবে স্টেশনে নিয়োজিত বিভিন্ন ধরনের গ্রুপের মধ্যে কাজ করার ক্ষেত্রে সুনির্দিষ্ট আচরণ বিধিমালা রয়েছে কিনা। এর মাধ্যমে স্বস্তিকর ও সকলের জন্য উপযোগী কাজের পরিবেশ নিশ্চিত করা যাবে।

২.৯ : এই প্রশ্নে দেখা হয়, একটি রেডিও স্টেশন এর নীতিমালা, নির্মাণ, বিপণন ইত্যাদি নানা ক্ষেত্রে কর্মীর বাইরেও ক্রমাগতভাবে কিভাবে এর বিশেষজ্ঞদের সংখ্যা বাড়াই। সমাজের বিভিন্ন শ্রেণির দক্ষতা বাড়ানোর মাধ্যমে, রেডিও স্টেশন যে কেবলমাত্র এর কর্মীবাহিনীর ওপর নির্ভরশীল নয়, তা নিশ্চিত করা হবে।

২.১০ : এটা গুরুত্বপূর্ণ যে, একটি কমিউনিটি রেডিও স্টেশন শুধু নীতিমালা প্রণয়ন করবে না, এর বিভিন্ন সহযোগী/অংশভাগীদের মধ্যে পারস্পরিক সচেতনতা সৃষ্টি করবে। এর ফলে স্টেকহোল্ডারদের স্টেশন সম্পর্কে অর্থোজিক প্রত্যাশা এবং তা থেকে উদ্ভূত সম্ভাব্য সংঘাত এড়ানো সহজ হবে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

২.১১ : কমিউনিটি রেডিও স্টেশনের নিজস্ব নীতিমালা সম্পর্কে স্টেকহোল্ডারদের সচেতনতা বৃদ্ধির জন্য যে পদ্ধতিগুলো অবলম্বন করা হয়, এই প্রশ্নে তা মূল্যায়ন করা হবে। যত বেশি পদ্ধতি ব্যবহার করা যায় ততই উত্তম।

## ৩. ৩ স্বেচ্ছাসেবকবৃন্দ

বিশ্বব্যাপী কমিউনিটি রেডিও খাতে স্বেচ্ছাসেবকগণ অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করেছেন। অধিকাংশ স্টেশনের মধ্যম ও স্বল্প ব্যয় সম্পন্ন অর্থনৈতিক কাঠামো ও অংশিদারী বৈশিষ্ট্যের বিবেচনায় এতে কমিউনিটি থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ সর্বোত্তম পছন্দ বলে বিবেচিত হয়।



এই মানদণ্ডের ভিত্তিতে আমরা “স্বেচ্ছাসেবক” শব্দটিকে এভাবে সংজ্ঞায়িত করতে পারি যে, ‘স্বেচ্ছাসেবক’ এমন জনগোষ্ঠী যারা কমিউনিটি রেডিও স্টেশনে ভূমিকা বা অবদান রাখে কিন্তু স্টেশনের বেতনভুক্ত নয়।

টুলকিটের এই অধ্যায়টিতে স্বেচ্ছাসেবকদের প্রতি কমিউনিটি রেডিও স্টেশনের মনোভাব বা দৃষ্টিকোণ বিবেচনা করা হয়েছে। যেমন তাদের নিয়োগ, পরিচিতি, তাদের জন্য বরাদ্দ সুযোগ সুবিধা ও দায় দায়িত্ব। এ প্রক্রিয়ার মধ্য দিয়ে রেডিও স্টেশনে কাজ করার জন্য স্বেচ্ছাসেবকদের একটি নিয়মিত দল (ক্যাডার) গড়ে তোলা হয়, তাদেরকে বস্তগত সুবিধাদির আওতায় এনে উদ্দীপ্ত রাখা হয় এবং স্টেশন ও জনগোষ্ঠীর মধ্যে একটি টেকসই সম্পর্ক গড়ে তোলা হয়।

৩.১ : প্রথম প্রশ্ন হলো কমিউনিটি রেডিও স্টেশনে কর্মরত সকল সদস্যের তুলনায় স্বেচ্ছাসেবকদের শতকরা হার। এখানে স্টেশনের সকল অনুষ্ঠানে অন্তর্ভুক্ত সকল জনগোষ্ঠীকে বিবেচনা করতে হবে। উদাহরণস্বরূপ, একটি কমিউনিটি রেডিও স্টেশনে ২০ জন লোক কাজ করে বিভিন্ন বিভাগে। যার মধ্যে ৫ জন স্বেচ্ছাসেবক। তাহলে শতকরা হার হবে-

$$\frac{5}{20} \times 100 = 25\%$$

অপশন (খ) সঠিক উত্তর

এ প্রশ্নের মধ্যে নিহিত দীর্ঘমেয়াদী লক্ষ্য হলো, স্বেচ্ছাসেবকদের শতকরা হার বাড়ানো।

৩.২ : কমিউনিটি রেডিও স্টেশনের একটি বিষয় চিন্তা করা উচিত যে, কত ধরনের বৈচিত্র্যপূর্ণ উপায়ে স্বেচ্ছাসেবকদের আকৃষ্ট করা যায়। প্রদত্ত তালিকাটি নির্দেশনামূলক, তবে শেষ অপশনে স্টেশন আরো নতুন পদ্ধতি সংযোজন করতে পারে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য নির্ধারিত হবে সর্বোচ্চ সংখ্যক উপায়ে স্বেচ্ছাসেবকদের আকৃষ্ট করা, যাতে করে সর্বোচ্চ সংখ্যক জনগোষ্ঠী স্বেচ্ছায় স্টেশনের কাজে আত্মনিয়োগ করে। ‘ওপেন হাউজ’ বলতে বোঝানো হয়েছে একটি নির্ধারিত দিন ও সময়ে রেডিও স্টেশন জনগণের জন্য খুলে দেওয়া যাতে তারা স্টেশনের কার্যক্রম দেখতে পারে ও কর্মীদের সঙ্গে খোলাখুলিভাবে মতবিনিময় করতে পারে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৩: এ প্রশ্নে খুঁজে বের করা হয়েছে যে, একটি কমিউনিটি রেডিও স্টেশনে স্বেচ্ছাসেবকদের আকৃষ্ট করার জন্য পূর্ব থেকে কোনো নীতিমালা আছে কি না। বিশেষত কমিউনিটির ওই সেকশন থেকে যারা অধিকার বঞ্চিত।

“প্রান্তিক জনগোষ্ঠী” বলতে এখানে দলিত সমাজ এবং উপজাতি বা নৃ-গোষ্ঠী বোঝাবে।  
“সংখ্যালঘু জনগোষ্ঠী” বলতে ধর্ম, ভাষা, জাতি, লিঙ্গভিত্তিক সংখ্যালঘু জনগোষ্ঠী এবং প্রতিবন্ধী। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৪ : যেকোনো কমিউনিটি রেডিও স্টেশনে নিয়মিত স্বেচ্ছাসেবকদের পরিবর্তন (কর্মস্থল ত্যাগ) বিবেচনায় এটা জরুরি বিষয় যে, স্বেচ্ছাসেবকদের প্রতিটি নতুন ব্যাচকে স্টেশনের নীতি ও প্রোগ্রামের সাথে পদ্ধতিগত কর্মশালা এবং অন্যান্য উপায়ে পরিচিত করে তোলা।

“পায়ার টু পায়ার লার্নিং” বলতে বোঝায় জ্যেষ্ঠ স্টেশন কর্মী অথবা অপেক্ষাকৃত বেশি অভিজ্ঞতাসম্পন্ন স্বেচ্ছাসেবকদের মাধ্যমে নতুনদের প্রশিক্ষণ দেয়া। যেখানে নিরক্ষরতা কোনো বাধা নয়, সেখানে স্টেশনের নীতিমালা, কর্মসূচি এবং স্টেশনের গঠন ও প্রযুক্তির উপর একটি সাধারণ নির্দেশনা থাকতে পারে যার মাধ্যমে “ওরিয়েন্টেশন” প্রদান করা যেতে পারে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৫ : এ প্রশ্নে কমিউনিটি রেডিও স্টেশন কী কী উপায়ে স্বেচ্ছাসেবকদের সম্মানী প্রদান করতে পারে তা পরীক্ষা করা হয়েছে। যদিও নীতিগতভাবে একটি আদর্শ কমিউনিটি রেডিও স্টেশনে কোনো স্বেচ্ছাসেবক কোনো সম্মানী বা বেতনের আশা নিয়ে স্বেচ্ছায় সেবা দিতে আসে না। কিন্তু পরিস্থিতি বিবেচনায় তা বাস্তব সম্মত নয়। এখানে তাদের সেবার উপর ভিত্তি করে স্বেচ্ছাসেবকদের সম্মানীবাহীন অবস্থা থেকে নির্ধারিত সম্মানী পর্যন্ত বিভিন্ন ধারাক্রমের তালিকা প্রদান করা হয়েছে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৬ : এই প্রশ্নে বিবেচনা করা হয়েছে যে, রেডিও স্টেশনের সঙ্গে স্বেচ্ছাসেবকদের নৈকট্য ও ঘনিষ্ঠতা জোরদার করার জন্য স্টেশনের পক্ষ থেকে তাদের জন্য বিশেষ সুবিধা ও তাদের ভূমিকা/অবদানকে উৎসাহিত করার লক্ষ্যে কি কি উপায় অবলম্বন করা হয়। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৭ এই প্রশ্নে কমিউনিটি রেডিও স্টেশন কর্তৃক স্বেচ্ছাসেবকদের প্রদত্ত কাজের পরিসর বিবেচনা করা হয়েছে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হলো, স্বেচ্ছাসেবকদের সঠিক ভাবে কাজে লাগানো, যারা কমিউনিটি রেডিও স্টেশনের সম্পূর্ণ পরিসরের মধ্যে কাজ করবে। এছাড়া এখানে বেতনভুক্ত কর্মচারীদের ওপর নির্ভরশীলতা কমানোর পছন্দ বিবেচনা করা হয়েছে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৮: এই প্রশ্নের উদ্দেশ্য হলো কিভাবে একটি কমিউনিটি রেডিও স্টেশন তার স্বেচ্ছাসেবকদের পরিচালনা করবে, যখন স্বেচ্ছাসেবকদের নির্দিষ্ট ধারাক্রমে নিয়োগ এবং পরিচিতকরণ গুরুত্বপূর্ণ বিষয় বলে বিবেচিত হয়। তখন খুব গভীরভাবে স্টেশন তাদের ভূমিকার ব্যাপারে আশাবাদী হয়ে থাকে। অপশন (ক) তে স্টেশনে একটি নির্দিষ্ট দলের মধ্যে স্বেচ্ছাসেবকদের কাজ করার পরামর্শ দেয়া হয়। যেমন, প্রোগ্রামিং গ্রুপ বা একটি ন্যারো কাস্টিং গ্রুপ।


অপশন (খ) এ বলা হয়েছে, স্টেশনের স্বেচ্ছাসেবকসহ প্রতিটি গ্রুপের নির্দিষ্ট কাজের তালিকা থাকবে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৩.৯: এই প্রশ্নে দেখা হয় কিভাবে কমিউনিটি রেডিও স্টেশন তার স্বেচ্ছাসেবকদের পরিচালনা করে থাকে। একটি স্বেচ্ছাসেবক দলে নিয়োগ এবং প্রশিক্ষণ এ কারণে গুরুত্বপূর্ণ, যাতে স্টেশন তাদের অবদানকে যথাযথভাবে ব্যবহার করতে পারে।

বিকল্প (ঙ) স্টেশনে স্বেচ্ছাসেবকদের দলীয় বিন্যাসকে গুরুত্ব দেয়া হয়; যেমন প্রোগ্রামিং দল অথবা ন্যারো কাস্টিং দল।  
বিকল্প (চ) স্টেশনে স্বেচ্ছাসেবকসহ প্রত্যেকটি দলের নির্দিষ্ট ডিউটি চার্ট থাকতে পারে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

## ৩.৪: প্রযুক্তি : প্রবেশ অভিজ্ঞতা এবং ব্যবস্থাপনা

সত্যিকার অংশগ্রহণমূলক কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার চাবিকাঠি হলো সঠিক প্রযুক্তি নির্ধারণ করা এবং দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীতে তার প্রবেশ/ব্যবহার নিশ্চিত করা। প্রান্তিক জনগোষ্ঠীর কথা বলার সুযোগ করে দেয়ার জন্যে সক্রিয়ভাবে প্রযুক্তির ব্যবহারে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।



দূরবর্তী স্থানে অবস্থানকারী বহিরাগত বিশেষজ্ঞদের উপর অতিরিক্ত নির্ভরশীলতার কারণে দিনে দিনে রেডিও স্টেশনের স্বাভাবিক কার্যক্রম ক্ষতিগ্রস্ত হয় এবং দক্ষতা কমে আসে। তাই এটা গুরুত্বপূর্ণ যে স্টেশনকে নিজেদের স্টাফ ও স্বেচ্ছাসেবকদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে যতটা সম্ভব আত্মনির্ভরশীল হতে হবে।

৪.১ : এই প্রশ্নে অনুসন্ধান করা হয়েছে যে, কারা ঐ স্টেশনের যন্ত্রপাতি পরিচালনা করবে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হলো প্রান্তিক নারী ও জনগোষ্ঠীর অন্যান্য সদস্যদের এই যন্ত্রপাতিগুলো ব্যবহারের সুযোগ করে দেয়া। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৪.২ : এজন্য ধারাবাহিক প্রশিক্ষণ প্রয়োজন যেন কমিউনিটি রেডিও স্টেশনের স্টাফগণ নিজেরা ঐ প্রযুক্তি ব্যবস্থাপনায় আত্মবিশ্বাসী হয়ে উঠতে পারে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হবে “পায়ার টু পায়ার” প্রশিক্ষণের মাধ্যমে একে অপরকে শেখানোর ব্যবস্থা করা, যা অনেক বেশি উৎকৃষ্ট ও ব্যয়বান্ধব।

- “পায়ার টু পায়ার প্রশিক্ষণ” বলতে স্টাফ সদস্যদের প্রশিক্ষণ বোঝায়। যেখানে নিজ স্টেশন অথবা অন্য স্টেশন থেকে প্রশিক্ষণ।
- “অফসাইট প্রশিক্ষণ” বলতে বোঝায় বহিরাগত সংস্থা থেকে পরিচালিত প্রশিক্ষণ কর্মশালা যেমন (CEMCA, UNICEF, UNESCO, Ideosyc, FPU) ইত্যাদি।

- “অনসাইট প্রশিক্ষণ” বলতে বোঝায় অন্য জায়গা থেকে পেশাদার প্রশিক্ষক এসে কর্মীদের প্রশিক্ষণ দেয়া। যেমন, (NIMC, BNNRC, FPU) ইত্যাদি।

৪.৩ : এ প্রশ্নে কর্মী ও কমিউনিটি সদস্যদের কারিগরি প্রশিক্ষণের ধারাবাহিকতা পরীক্ষা করা হয়। যখন এটা স্টেশনের সাফল্যের ওপর নির্ভরশীল সুতরাং এক্ষেত্রে পরামর্শ থাকে যে, কর্মীদের আত্ম হা হেরে রাখার জন্য এবং তাদের দক্ষতার উন্নয়নে বছরে অন্তত দুটি কর্মশালায় ব্যবস্থা রাখা।

৪.৪ : কমিউনিটি রেডিও স্টেশন এমনভাবে তার স্টাফ ও স্বেচ্ছাসেবকদের প্রযুক্তিতে দক্ষ করে তুলবে, যেন পছন্দমত প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে অন্যের ওপর নির্ভরশীল হওয়ার পরিবর্তে তারা নিজেরা বেছে নিতে সক্ষম হয়, কোন প্রযুক্তি ব্যবহার করবে। যখন সহজলভ্য প্রযুক্তির উপর পেশাদারি মতামতসমূহ প্রয়োজন হয়, তখন স্টেশন ভেবে দেখতে পারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সঠিক পেশাদার ব্যক্তির উপস্থিতি নিশ্চিত হয়েছে কিনা।

কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য স্টাফ এবং স্বেচ্ছাসেবকদের মধ্যে থেকেই সিদ্ধান্ত গ্রহণকারী খুঁজে বের করা। তাদের অভিজ্ঞতা ও সিদ্ধান্ত কমিউনিটি রেডিও স্টেশনের যন্ত্রপাতিগুলোকে আরো ব্যবহার উপযোগী করে তুলতে পারে, যা হবে শুধু ব্যবহার উপযোগীই নয় বরং ব্যবহার বান্ধবও।

৪.৫ : এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশনের যন্ত্রপাতির নিয়মিত বা রুটিন মাসিক ব্যবস্থাপনাকে নির্দেশ করা হয়েছে। একটি আদর্শ স্টেশনের অভ্যন্তরীণ কর্মী ও কমিউনিটির সদস্যদের নিয়ে এমন একটি দল থাকতে হবে, যারা সম্পূর্ণভাবে এর যন্ত্রপাতির দেখভাল করতে পারে। কেবলমাত্র খুব জটিল সমস্যা দেখা দিলে পেশাদারদের শরণাপন্ন হওয়া যেতে পারে।

৪.৬ : এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশনের আত্মনির্ভরশীলতার মাত্রা নিরূপণ করা হয়েছে যখন কোনো কমিউনিটি রেডিও স্টেশনের কোনো যন্ত্রপাতির ওয়ারেন্টির মেয়াদ শেষ হয়ে যায় এবং তা মেরামতের দরকার হয়। এক্ষেত্রে স্থানীয়ভাবে মেরামত করা সম্ভব হওয়ার পাশাপাশি কখনো কখনো পেশাদার কারিগরদের সহায়তা নেয়া যৌক্তিক বলে বিবেচিত হবে।

৪.৭ : এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশনের প্রযুক্তিগত যন্ত্রপাতি ব্যবহারকারীদের সহায়ক ম্যানুয়াল/নির্দেশিকা বিশ্লেষণ করা হয়েছে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হলো, এমন ব্যবহার নির্দেশক নির্ধারণ করা যা ঐ এলাকাসীমার ভাষায় হওয়াটা জরুরি। এটি কোম্পানির ব্যবহার নির্দেশিকা ব্যবহারের চেয়ে সহজ। স্টাফরা তাদের অভিজ্ঞতাগুলোকে নথিভুক্ত করতে পারে। এছাড়া নানা উদ্ভূত পরিস্থিতি ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে স্পষ্ট করে তুলতে পারে।

৪.৮ : প্রাকৃতিক দুর্যোগ এবং অন্যান্য দুর্ঘটনা কমিউনিটি রেডিও স্টেশনের মারাত্মক ক্ষতির কারণ হতে পারে, যা অর্থনৈতিক বিপর্যয় ঘটায়। এটা স্টেশনের সম্প্রচার সেবা বন্ধ করে দিতে পারে। তাই এরকম পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় যন্ত্রপাতির উপস্থিতি নিশ্চিত করতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন।)

৪.৯: যেসব এলাকায় প্রায়শই লোডশেডিং ও বিদ্যুৎ বিভ্রাট ঘটে, সে সব এলাকার জন্য স্টেশনে বিকল্প বিদ্যুতের ব্যবস্থা থাকতে হবে।

৪.১০: যেহেতু বহির্বিশ্বে ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থা নতুন মাত্রা যোগ করেছে, সেহেতু কমিউনিটি রেডিও স্টেশনে ইন্টারনেট সংযোগের বিষয়টি বিবেচনায় নিতে হবে।

৪.১১: এই প্রশ্নে বিভিন্ন পথ/উপায় সম্পর্কে জানতে চাওয়া হয় যার মাধ্যমে শ্রোতারা অনুষ্ঠানে যুক্ত থাকে এবং অংশগ্রহণ করে।

## ৩.৫ সম্প্রচারের মান

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত জাতীয় কমিউনিটি রেডিও নীতিমালার দিক নির্দেশনায় সাধারণ সম্প্রচার নীতিমালাসহ বাণিজ্যিক বিধানাবলী অনুসরণ করার কথা বলা হয়েছে। এই মানদণ্ডে কমিউনিটি রেডিও স্টেশনকে শুধুমাত্র নির্ধারিত নীতিমালা মূল্যায়ন না করে তাদের নিজ নিজ অবস্থান থেকেও পরিস্থিতি বিবেচনা ও মূল্যায়ন করতে হবে। এই মূল্যায়নের ক্ষেত্রে কমিউনিটি রেডিওর বৃহত্তর দর্শন অথবা উদ্যোক্তা এনজিও বা সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও স্টেশনের উদ্দেশ্যকেও বিবেচনা করতে হবে।



এটা উত্তম হবে যে, যদি কমিউনিটি রেডিও স্টেশন এমন একটি সম্প্রচার মানদণ্ড তৈরি করে যা কমিউনিটি রেডিও এবং স্থানীয় চেতনার মূলনীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এটা জাতীয় কমিউনিটি রেডিও নীতির উর্ধ্ব স্থাপিত হতে পারে।

৫.১ : এ প্রশ্নে জানতে চাওয়া হয়, কমিউনিটি রেডিও স্টেশনের প্রোগ্রামগুলো ন্যূনতম মানদণ্ড মেনে চলে কিনা, যা সরকারের নীতি নির্দেশনায় নির্ধারিত অথবা এর বাইরেও কমিউনিটি রেডিওর নিজস্ব নীতিমালার সঙ্গে সামঞ্জস্য কিনা। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৫.২ : এ প্রশ্নের মাধ্যমে বোঝার চেষ্টা করা হয়, কিভাবে কমিউনিটি রেডিও স্টেশন কর্মী ও স্বেচ্ছাসেবকদের প্রোগ্রামের নীতিমালার সঙ্গে পরিচিত করে তোলে। স্টেশনের লক্ষ্য শুধুমাত্র বিধানগুলোর উপর কর্মীদের সচেতনতা বৃদ্ধিই নয় বরং এমন কিছু উপায় বাতলে দেয়া, যার মাধ্যমে কর্মীরা এই বিধানের সাথে একীভূত হয়ে ওঠে। (দয়া করে প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৫.৩ : যখন পরিচিতি ও প্রশিক্ষণ কর্মীদেরকে বিভিন্ন বিধানের সাথে একীভূত হতে সহায়তা করে তখন এটাও অবশ্য করণীয় যে তারা যেন বিষয়সমূহের সাথে বাধ্যতামূলক বিধানাবলীর সামঞ্জস্য বিধান করতে পারে। অন্যথায় স্টেশনগুলি আইনি বামেলায় পড়তে পারে। এটা গুরুত্বপূর্ণ যে কমিউনিটি রেডিও স্টেশন সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করবে যেন বিধানসমূহ অবজ্ঞা করা না হয়। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৫.৪ : এই প্রশ্নের মাধ্যমে দেখা হবে পূর্ব সতর্কীকরণ থাকা সত্ত্বেও যখন একটি কমিউনিটি রেডিও স্টেশন আইন ভঙ্গ করে তখন কি পদক্ষেপ গ্রহণ করা হয়। সৃষ্ট সহিংসতার/আইন ভঙ্গার মাত্রানুযায়ী শাস্তি নির্ধারিত হবে। স্টেশনের অবশ্যই সম্প্রচারের সময় সংঘটিত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনার মত বিভিন্ন জবাবদিহিতার উপায় থাকতে হবে। তারা অবশ্যই প্রতিরোধমূলক পদক্ষেপ নির্ধারণ করবে। যেমন নির্ধারিত সময়ান্তে সচেতনতামূলক কর্মশালার ব্যবস্থা করা।

## ৩.৬ নিজস্ব শাসন/পরিচালন ব্যবস্থা



নিজস্ব শাসন/পরিচালন ব্যবস্থা বলতে কমিউনিটি রেডিও স্টেশনের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া ও কাঠামোকে বোঝানো হয়। আশা করা হয় এগুলোতে অংশগ্রহণমূলক বৈশিষ্ট্য থাকবে এবং এর মূলনীতির সাথে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকবে। ব্যবস্থাপনা কাঠামোর মধ্যে কমিউনিটির বিভিন্ন স্তরের প্রতিনিধিত্ব (বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে থেকে) থাকবে, যারা বিভিন্ন প্রোগ্রামে প্রতিনিধিত্ব করবে। এটা যেকোন প্রোগ্রামের পূর্ব শর্ত হওয়া উচিত। তাদের এই অন্তর্ভুক্তকরণ ঐতিহাসিকভাবে যারা বৈষম্যের শিকার তাদের ক্ষমতায়ন করবে। টুলকিটের এই সেকশন অংশগ্রহণমূলক পরিচালনা ব্যবস্থার মানদণ্ড মূল্যায়ন করে।

৬.১ : এ প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশন নীতি নির্ধারণ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের নানা পথ অনুসন্ধান করে। একটি আদর্শ স্টেশনের সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রাতিষ্ঠানিক পরিষদ থাকতে হবে। যেখানে বৈধভাবে কমিউনিটির সদস্যরা প্রতিনিধিত্ব করবে তাদের নিজ নিজ গোষ্ঠীর স্বার্থে। যখন শ্রোতামণ্ডলী, জনমত এবং স্টাফ সদস্যদের পরামর্শ নেয়া প্রত্যাশিত হয়, তখন তা সুশাসনের প্রাতিষ্ঠানিক কাঠামোর বিকল্প হতে পারে না। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৬.২ : এ প্রশ্নের মাধ্যমে দেখা হয় যে, কমিউনিটি রেডিও স্টেশনে পরামর্শক পরিষদ আছে কিনা- যা স্টেশনকে অনুষ্ঠান নির্মাণে পরামর্শ দেয় এবং নীতিমালা প্রণয়ন করে।

৬.৩ : এই প্রশ্নের মাধ্যমে দেখা হয় কমিউনিটি রেডিওর পরামর্শক পরিষদ কত দিন পরপর সভায় মিলিত হয়। যেহেতু কমিউনিটি রেডিও স্টেশনকে নানাবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, সেহেতু পরামর্শক পরিষদকে যতবার সম্ভব সভায় মিলিত হওয়ার প্রয়োজন পড়তে পারে।

৬.৪ : যেহেতু পরামর্শক পরিষদ অনুষ্ঠানের বিষয়বস্তু ও নেটওয়ার্কিং সম্পর্কে পরামর্শ প্রদান করে। সুতরাং স্টেশনের সম্প্রচার সংক্রান্ত নীতি ও জনগোষ্ঠীর চাহিদার সঙ্গে প্রাসঙ্গিকতার ক্ষেত্রেও এই পরিষদ পরামর্শ প্রদান করে।

৬.৫ : এ প্রশ্নের মাধ্যমে দেখা হয় যে, কমিউনিটি রেডিওর ব্যবস্থাপনা কমিটি আছে কিনা, যা স্টেশনকে নানান সিদ্ধান্ত গ্রহণে মূল ভূমিকা পালন করে এবং নানাবিধ নীতি প্রণয়ন করে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৬.৬ : এই প্রশ্নের মাধ্যমে দেখা হয়, কমিউনিটি রেডিওর ব্যবস্থাপনা পরিষদ কত দিন পরপর সভায় মিলিত হয়। যেহেতু কমিউনিটি রেডিও স্টেশনকে নানাবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, সেহেতু ব্যবস্থাপনা পরিষদকে যত বার সম্ভব সভায় মিলিত হওয়ার প্রয়োজন পড়তে পারে। মূলত কমিউনিটি রেডিওর ব্যবস্থাপনা পরিষদের কমপক্ষে ৩ মাসে একবার এ ধরনের উদ্ভূত ঝুঁকিসমূহ পর্যালোচনা করে দেখা সমীচীন। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৬.৭ : যেহেতু কমিউনিটি রেডিওর ব্যবস্থাপনা পরিষদ পরামর্শকের ভূমিকা পালন করে, এটি নানা বিষয়ে বিস্তারিত সিদ্ধান্ত গ্রহণের জন্য মিলিত হয়, যা স্টেশনের কার্যক্রমকে প্রভাবিত করে। এছাড়াও স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ রক্ষা এবং অ্যাডভোকেসির কাজে সম্পৃক্ত হওয়ার মাধ্যমে এই কমিটি স্টেশনের ভাবমূর্তি উজ্জ্বল করে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৬.৮ : এটা গুরুত্বপূর্ণ যে, কমিউনিটি রেডিও ব্যবস্থাপনা কমিটি এমনভাবে গঠিত হয়, যাতে সমাজের সকল শ্রেণি, বিশেষ করে ঐতিহাসিকভাবে যারা বৈষম্যের শিকার তাদের প্রতিনিধিত্ব নিশ্চিত হয়। কমিটিতে নানা শ্রেণির প্রতিনিধিত্বের ফলে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন শ্রেণির অবস্থান ও স্বার্থ সমন্বিত থাকে।


৬.৯ : এই প্রশ্নে দেখা হয়, কর্মী-কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে গৃহীত নীতিমালা স্টেশনের স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে কিনা। এই প্রক্রিয়ায় উদ্যোক্তা/প্রতিষ্ঠাতা সংস্থার হস্তক্ষেপ থাকা উচিত নয়। রেডিও স্টেশনের লক্ষ্য হবে কর্মী নিয়োগ প্রক্রিয়া যত দূর সম্ভব স্বচ্ছ ও অংশগ্রহণমূলক রাখা। এর লক্ষ্য হলো, পদ্ধতি যাই হোক, সঠিক কাজে সঠিক ব্যক্তি বাছাই করা। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৬.১০: এই প্রশ্ন এমন একটি ধারণার ওপর ভিত্তি করে করা হয় যে, শ্রোতাদের সাথে নিয়মিত যোগাযোগ স্টেশন ও ব্যবস্থাপনা কমিটিকে প্রকৃত বাস্তবতায় সিদ্ধান্ত নিতে সাহায্য করেছে কিনা।

৬.১১: একটি সফল কমিউনিটি রেডিওর স্টেশন সব সময় তাদের দরজা খোলা রাখে যাতে যখন ইচ্ছা তখন কমিউনিটির সদস্যরা স্টেশন পরিদর্শন করতে পারে। যদি কমিউনিটি রেডিও স্টেশন কমিউনিটির জন্য পরিদর্শনের সুযোগ দেয় এবং কমিউনিটির কার্যক্রমে অংশগ্রহণ করে, সেক্ষেত্রে জনসাধারণের সাথে স্টেশনের একটি যোগসূত্র তৈরি হয়। কণ্ঠের সাথে সরাসরি দর্শন/সাক্ষাৎ মানুষকে স্টেশন চিনতে সহায়তা করে। এটা ভিন্ন একটি সৃজনশীল পদ্ধতি হতে পারে।

৬.১২: এটা গুরুত্বপূর্ণ যে, কমিউনিটি রেডিও স্টেশন কমিউনিটিকে অংশীদারী পরিচালনা ব্যবস্থা সম্পর্কে ধারণা দেয়। কমিউনিটির সদস্যদের জানা প্রয়োজন, তারা স্টেশনের পরিচালনায় অংশগ্রহণ করতে পারে এবং স্টেশন তাদের মতামতকে গুরুত্ব দেয়। স্টেশনের জন্য আদর্শ নীতি হচ্ছে, স্টেশনটি কমিউনিটির সর্ববৃহৎ পরিসরে তথ্য পৌঁছে দেওয়ার জন্য সকল সম্ভাব্য পথ ব্যবহার করবে।

## ৩.৭ অভিযোগ ও মতামত



কমিউনিটি রেডিও স্টেশন সাধারণত শ্রোতাদের চাহিদা এবং স্বার্থের দ্বারা পরিচালিত হয়। তাই কমিউনিটি রেডিও স্টেশনে শ্রোতামণ্ডলীর প্রতিক্রিয়া ও অভিযোগ নথিবদ্ধকরণের একটি সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থা থাকা একান্ত আবশ্যিক। এ টুলকিটটির উদ্যেশ্যর বিবেচনায় “অভিযোগ বলতে বোঝায় নেতিবাচক প্রতিক্রিয়া অথবা অভিযোগ যা কমিউনিটি রেডিও স্টেশনের শ্রোতামণ্ডলীর কাছ থেকে আসে। আবার “ফিডব্যাক” বলতে শ্রোতামণ্ডলীর কাছ থেকে অনুষ্ঠানে কোন পরিবর্তনের পরামর্শ, উন্নয়ন অথবা নতুন উদ্যোগের পরামর্শ স্বরূপ যা আসে।

৭.১: এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও শ্রোতামণ্ডলীর কাছ থেকে প্রতিক্রিয়া সংগ্রহের জন্য কোন কোন পদ্ধতি অবলম্বন করে তা জানতে চাওয়া হয়।

- “শ্রোতা জরিপ” এর মাধ্যমে আনুষ্ঠানিক প্রক্রিয়ায় স্টেশন শ্রোতাদের মধ্য থেকে প্রশ্নমালার মাধ্যমে প্রতিক্রিয়া সংগ্রহ করে।
- “মুখোমুখি সাক্ষাৎ” এর মাধ্যমে প্রতিক্রিয়া সংগ্রহ করা যেতে পারে। যেমন ব্যক্তিগত যোগাযোগ, ন্যারো কাস্টিং অধিবেশন, মাঠ ও স্টুডিওতে রেকর্ডিং অধিবেশন ইত্যাদি।
- “সামাজিক যোগাযোগ মাধ্যম” বলতে বোঝায় ফেসবুক, টুইটার, গুগলপ্লাস, ইউটিউব ইত্যাদি মাধ্যমের ব্যবহার।

কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হতে হবে শ্রোতামণ্ডলীর কাছ থেকে প্রতিক্রিয়া সংগ্রহের সকল মাধ্যমের যথাযথ ব্যবহার। যাতে অভিজ্ঞতা সংগ্রহের পারস্পরিক প্রক্রিয়ার মধ্য দিয়ে সক্রিয় শ্রোতামণ্ডলী গড়ে উঠে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)।

৭.২ : শ্রোতামণ্ডলীর কাছ থেকে আসা/প্রাপ্ত প্রতিক্রিয়া প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণ কমিউনিটি রেডিও স্টেশনের গুরুত্বপূর্ণ কাজ। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য শুধুমাত্র প্রতিক্রিয়া সংগ্রহ ও বিশ্লেষণ করাই নয় বরং যদি প্রয়োজন হয় তবে পরামর্শগুলো বাস্তবায়ন করা। একত্রীকরণ ও বিশ্লেষণের মাধ্যমে সংখ্যান, প্রতিক্রিয়াগুলির শ্রেণীকরণ ও সামাজিক অর্থ ব্যবস্থার চিত্র, ভৌগোলিক অবস্থান ইত্যাদি যাচাই করা হয়।

বিকল্প (ঘ) এর মাধ্যমে মূল সংগঠনের সাথে কিছু কিছু প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করা যেতে পারে। কারণ এর মাধ্যমে বাড়তি সম্পদের

যোগান কিংবা সম্ভাব্য কর্মপদ্ধতি পরিবর্তন করা হয়।

বিকল্প (ঙ) অনুযায়ী শ্রোতামণ্ডলীর কাছ থেকে আসা প্রতিক্রিয়া সম্প্রচার করা বিশ্বব্যাপী রেডিও স্টেশনের একটা স্বাভাবিক কাজ/দায়িত্ব। এর মাধ্যমে শ্রোতামণ্ডলী বুঝতে পারবে তাদের প্রতিক্রিয়ার মূল্য আছে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৭.৩ : এই প্রশ্নের মাধ্যমে কমিউনিটি রেডিও স্টেশন শ্রোতামণ্ডলীর কাছ থেকে অভিযোগ সংগ্রহের জন্য কোন কোন পদ্ধতি অবলম্বন করে তা জানতে চাওয়া হয়।

“মুখোমুখি সাক্ষাৎ”-এর মাধ্যমে অভিযোগগুলো আসতে পারে, যেমন ব্যক্তিগত যোগাযোগ, ন্যারো কাস্টিং অধিবেশন, মাঠ ও স্টুডিওতে রেকর্ডিংয়ের সময়।

অভিযোগগুলো অনুষ্ঠানের বিষয়বস্তু, সম্প্রচার মান, ইস্যুসমূহের প্রতিনিধিত্ব, সময় বিভাজনের যথার্থতা, রেডিও স্টেশনের স্টাফ পরিচালনা ইত্যাদির সঙ্গে সম্পর্কযুক্ত হতে পারে। কমিউনিটি রেডিও স্টেশনের উদ্দেশ্য হওয়া উচিত ঐ সব মাধ্যমের উত্তম ব্যবহার যার মাধ্যমে শ্রোতামণ্ডলী তাদের অভিযোগগুলো স্টেশনের কাছে পৌঁছে দিতে পারে যার ফলে স্টেশন বহুমুখী প্রেক্ষিতের সঙ্গে যুক্ত/উন্মুক্ত হতে পারে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৭.৪ : সাধারণ প্রতিক্রিয়ার সঙ্গে কমিউনিটি রেডিও স্টেশনের একটি গুরুত্বপূর্ণ কাজ হলো অভিযোগ সমূহকে প্রক্রিয়াজাতকরণ এবং জবাবদিহিতার জন্য উত্তম ব্যবস্থা গ্রহণ করা। “একত্রীকরণ এবং বিশ্লেষণ” এ সংখ্যান ও প্রতিক্রিয়ার ধরন অনুসারে শ্রেণিকরণ, সামাজিক অর্থনৈতিক প্রেক্ষাপট, ভৌগোলিক অবস্থান পর্যালোচনা বিবেচিত হবে। একজন অসন্তুষ্ট বা অসুখি শ্রোতা কমিউনিটি রেডিও স্টেশনের সাথে কমিউনিটির সম্পর্ক স্থাপনে প্রভাব ফেলে। কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য হলো, শুধুমাত্র অভিযোগগুলো নথিবদ্ধকরণ নয় বরং যৌক্তিকতার বিচারে তার বাস্তবায়ন করা। যখন কেউ একজন স্টেশন ব্যবস্থাপকের কাছ থেকে আশু পদক্ষেপ আশা করেন, তখন অন্যদেরও ঐ সব ব্যাপারে বিভিন্ন স্তর থেকে একান্ত পরিশ্রমী মনোভাব দেখানো উচিত। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন।)

৭.৫ : এই সেকশনের শেষতম প্রশ্নে শ্রোতামণ্ডলীর প্রতিক্রিয়া এবং অভিযোগের ভিত্তিতে কমিউনিটি রেডিও স্টেশনকে কিছু দৃষ্টান্ত উল্লেখ করতে হয়, যা কন্টেন্ট সম্প্রচার বা নিয়মতান্ত্রিকতার পরিবর্তন সাধন করেছে। গত ৬ মাসের মধ্যে যে যে পরিবর্তন সাধিত হয়েছে, সেই পরিবর্তনগুলো উল্লেখ করা উচিত। এটা একটা নির্দেশক হিসেবে কাজ করবে এবং শ্রোতামণ্ডলীকে বোঝাতে সক্ষম হবে যে তাদের প্রতিক্রিয়ার ভিত্তিতে স্টেশন কত ত্বরিত প্রতি উত্তর দিতে পেরেছে কিংবা ব্যবস্থা নিতে পেরেছে।

## ৩.৮. অনুষ্ঠান উপাদানের বিনিময় ও যোগাযোগ (কন্টেন্ট শেয়ারিং এবং নেটওয়ার্কিং)

কমিউনিটি রেডিও স্টেশনের কন্টেন্ট বিনিময় ধারণাটি প্রাথমিকভাবে স্টেশনগুলোর মধ্যে একাত্মতা নির্মাণের একটি প্রাথমিক কৌশল হিসেবে দেখা যেতে পারে। অন্য প্রেক্ষিত থেকে দেখলে এটাকে নেটওয়ার্কিংয়ের কৌশলও বলা যায়। বাস্তবে একটি কমিউনিটি রেডিও স্টেশন নানামুখী কন্টেন্ট সংগ্রহে এ পদ্ধতি ব্যবহার করতে পারে। এক্ষেত্রে তাদের মনে রাখতে হয় মূল কন্টেন্ট সম্প্রচারে শতভাগ সফলতা অর্জন একটি কঠিন কাজ। প্রোগ্রাম বিনিময়ের মাধ্যমে বিভিন্ন ভৌগোলিক অবস্থানে থাকা শ্রোতামণ্ডলীর সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে ধারণা অর্জনে নিজেদের মত অথবা নিজেদের থেকে ভিন্ন সাংস্কৃতিক জ্ঞান অর্জনের সুযোগ ঘটে। বৃহত্তর পরিসরে একটি কমিউনিটি রেডিও স্টেশন জনগণের কথা তুলে নিয়ে আসতে প্রতিজ্ঞাবদ্ধ এজন্য যে, তাদের কমিউনিটির কাঙ্ক্ষিত সামাজিক পরিবর্তন তারা দেখতে চায়, যা একটি বিস্তৃত সামাজিক আন্দোলন গড়ে তুলতে সহায়ক হয়; যা কিনা একইসাথে জনগণের অধিকারেরও নিরাপত্তা দেয়।



৮.১ : এই প্রশ্নে কোন ধরনের কন্টেন্ট একটি কমিউনিটি রেডিও স্টেশন অন্যান্য কমিউনিটি রেডিও স্টেশনের মধ্যে বিনিময় করবে তা মূল্যায়ন করা হয়। একটি কমিউনিটি রেডিও স্টেশন শুধুমাত্র সম্পূর্ণ ও নিয়মিত সম্প্রচারিত প্রোগ্রামই শেয়ার করবে না, পাশাপাশি বিভিন্ন প্রোগ্রামের ধারণা ও স্ক্রিপ্ট বিনিময় করবে। স্টেশন অভিন্ন দৃষ্টিকোণ থেকে আসা বিষয়সমূহ (যেমন খাদ্য নিরাপত্তা, দুর্ভোগ ব্যবস্থাপনা ইত্যাদি) নিয়ে একসাথে কাজ করবে। এক্ষেত্রে তারা বিষয়গুলোর ধারণা ও স্ক্রিপ্ট বিনিময় করবে এবং অন্যান্য স্টেশনকে তাদের স্থানীয় প্রেক্ষিতে ঐ স্ক্রিপ্ট এবং ধারণার সঙ্গে খাপ খাওয়ানোর সুযোগ দেবে। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন।)

৮.২ : এই প্রশ্নে তৃতীয় কোনও উৎস (যেমন ইউনিসেফ, ইউনেস্কো, ডয়চে ভেলে ইত্যাদি) থেকে আসা বিষয়সমূহ সম্প্রচারের হার খুঁজে বের করা হয়। এই “বহিরাগত কন্টেন্ট” বলতে বোঝায় ঐ সব কন্টেন্ট যা অন্য কমিউনিটি রেডিও স্টেশন থেকে নেওয়া হয়নি। যখন একটি স্টেশন এরূপ কোনও তৃতীয় পক্ষ থেকে প্রাপ্ত কন্টেন্টসমূহ সম্প্রচার করে, তখন সবচেয়ে ভালো হলো ঐ বহিরাগত কন্টেন্টের উপর অতিরিক্ত নির্ভরশীল না হওয়া। এই প্রশ্নে বাৎসরিক মূল্যায়নের সময় সম্পূর্ণ সম্প্রচার সময়ের কত ভাগ তৃতীয় পক্ষ থেকে প্রাপ্ত কন্টেন্টের সম্প্রচার করা হয়েছে, তা হিসেব করা হয়। উদাহরণস্বরূপ, যদি একটি স্টেশন দিনে ৮ ঘণ্টা সম্প্রচার করে (৩৬৫ দিনে ১ বছর ধরে) এবং তার মধ্যে তৃতীয় পক্ষ থেকে আসা কন্টেন্টসমূহ ১ ঘণ্টা সম্প্রচার করে তাহলে হিসেব দাঁড়ায়-

ধাপ ১ : সম্পূর্ণ সম্প্রচার ঘণ্টা  $৩৬৫ \times ৮ = ২৯২০$  ঘণ্টা

ধাপ ২ : তৃতীয় পক্ষের কন্টেন্ট  $৩৬৫ \times ১ = ৩৬৫$  ঘণ্টা

ধাপ ৩ : তৃতীয়পক্ষের কন্টেন্টের শতকরা হার  $৩৬৫/২৯২০ \times ১০০ = ১২.৫\%$

অপশন (ঘ)-তে টিক দিন

৮.৩ : এই প্রশ্নের মধ্য দিয়ে মূল্যায়ন করা হয়েছে একটি কমিউনিটি রেডিও স্টেশন তার অনুষ্ঠানগুলি যখন অন্য কমিউনিটি রেডিও স্টেশনের সঙ্গে বিনিময় করে, তখন কিভাবে ঐ অনুষ্ঠানের স্থানীয় শিল্পীদের অধিকার রক্ষা করা হয়। এটা স্টেশনের দায়িত্ব যে, ঐ স্টেশনকে এটা নিশ্চিত করা, যে তাদের দেয়া কন্টেন্টের বাণিজ্যিক পুনব্যবহারে মূল শিল্পীর মুনাফার অংশ না রেখে শুধু তারা লাভবান হবে। এমনকি শুধুমাত্র বাণিজ্যিক দৃষ্টিকোণ থেকে নয়। যে কন্টেন্টটি বিনিময় করা হচ্ছে, তা শিল্পীদের জানিয়ে এবং অনুমতিক্রমে করার জন্য কমিউনিটি রেডিও স্টেশনকে পরামর্শ দেয়া হয় (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৮.৪ : কমিউনিটি রেডিও স্টেশন একটি কন্টেন্টের খণ্ডাংশ বিনিময় না করে কন্টেন্টটির সম্পূর্ণ অংশটি অন্য কমিউনিটি রেডিও স্টেশনের কাছে বিনিময় করতে পারে। যাতে নেটওয়ার্কিংয়ের সম্পূর্ণ স্বাধীনতা থাকে। দীর্ঘমেয়াদে এ ধরনের বিনিময় নতুন প্রতিষ্ঠিত কমিউনিটি রেডিও স্টেশনকে শিখতে এবং তাদের দক্ষতা ও সক্ষমতা বাড়তে সহায়তা করে।

“কমার্শিয়াল এয়ার টাইম” বলতে বোঝানো হয়েছে, কোন নির্দিষ্ট অঞ্চলের স্টেশনগুলি তাদের মধ্যে একটি যৌথ প্রযোজনা নির্মাণ করতে পারে। যা বাণিজ্যিকভাবে একটি বৃহত্তর শ্রোতাগোষ্ঠীর কাছে পৌঁছে।

“দক্ষতা বিনিময়” বলতে বোঝায় রেডিও প্রযোজনা ও ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়ে (কারিগরি দক্ষতা ও ব্যবস্থাপনাসহ) সম্মিলিত প্রশিক্ষণ ব্যবস্থা। (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)

৮.৫ : কমিউনিটি রেডিও স্টেশনগুলি পারস্পরিক পরিদর্শন কর্মসূচির ব্যবস্থা করতে পারে।

৮.৬ এই প্রশ্নে কমিউনিটি রেডিও স্টেশন কোনো জাতীয় ও আন্তর্জাতিক নেটওয়ার্কের সদস্যভুক্ত কিনা তা বিবেচনা করা হয়েছে। যখন এই নেটওয়ার্কের মধ্যে কোনো স্টেশন থাকে তখন অন্যান্য স্টেশনসমূহ তার নীতি নির্ধারণে সহযোগিতামূলক ভূমিকা রাখতে পারে। সংস্থাভুক্ত স্টেশনগুলি বিভিন্ন প্রশিক্ষণ, কন্টেন্ট এবং অভিজ্ঞতা বিনিময় করতে পারে। কমিউনিটি রেডিও স্টেশনগুলি যত বেশি সংখ্যক নেটওয়ার্কের সদস্য হতে পারে ততই মঙ্গল (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন)।

